
ডেম মেকিং-২

এসএসসি ও দাখিল (ভোকেশনাল)





জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রকাশিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত



ড্রেস মেকিং-২

DRESS MAKING-2

প্রথম ও দ্বিতীয় পত্র

নবম-দশম শ্রেণি

লেখক

মোঃ খোরশেদ আলম জুনিয়র ইঙ্গট্রাক্টর (ড্রেস মেকিং) শেরপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, শেরপুর।

সম্পাদক

মোহাম্মদ ফারুক হোসেন ইঙ্গট্রাক্টর (ড্রেস মেকিং) শেরপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, শেরপুর।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯–৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা–১০০০ কর্তৃক প্রকাশিত।

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

পরীক্ষামূলক সংস্করণ

প্রথম প্রকাশ : নভেম্বর, ২০১৬ পুনর্মুদ্রণ : আগস্ট, ২০১৭

ডিজাইন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

প্রসঙ্গ-কথা

শিক্ষা জাতীয় জীবনের সর্বতোমুখী উন্নয়নের পূর্বশর্ত। দ্রুত পরিবর্তনশীল বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করে বাংলাদেশকে উন্নয়ন ও সমৃদ্ধির দিকে নিয়ে যাওয়ার জন্য প্রয়োজন সৃশিক্ষিত-দক্ষ মানব সম্পদ । কারিগারি ও বৃত্তিমূলক শিক্ষা দক্ষ মানব সম্পদ উন্নয়ন, দারিদ্র্যু বিমোচন, কর্মসংস্থান এবং আত্মনির্ভরশীল হয়ে বেকার সমস্যা সমাধানে শুরুত্বপূর্ণ অবদান রাখছে । বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসারের কোনো বিকল্প নেই । তাই ক্রমপরিবর্তনশীল অর্থনীতির সঙ্গে দেশে ও বিদেশে কারিগরি শিক্ষায় শিক্ষিত দক্ষ জনশক্তির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে । এ কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) স্তরের শিক্ষাক্রম ইতোমধ্যে পরিমার্জন করে যুগোপযোগী করা হয়েছে ।

শিক্ষাক্রম উন্নয়ন একটি ধারাবাহিক প্রক্রিয়া। পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত পাঠ্যপুস্তকসমূহ পরিবর্তনশীল চাহিদার পরিপ্রেক্ষিতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের যথাযথভাবে কারিগরি শিক্ষায় দক্ষ করে গড়ে তুলতে সক্ষম হবে। অভ্যন্তরীণ ও বহির্বিশ্বে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং আত্মকর্মসংস্থানে উদ্যোগী হওয়াসহ উচ্চশিক্ষার পথ সুগম হবে। ফলে রূপকল্প-২০২১ অনুযায়ী জাতিকে বিজ্ঞানমনস্ক ও প্রশিক্ষিত করে ডিজিটাল বাংলাদেশ নির্মাণে আমরা উজ্জীবিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০০৯ শিক্ষাবর্ষ হতে সকলস্তরের পাঠ্যপুস্তক বিনামূল্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করার যুগান্তকারী সিদ্ধান্ত গ্রহণ করেছে। কোমলমতি শিক্ষার্থীদের আরও আগ্রহী, কৌতৃহলী ও মনোযোগী করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকার প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিকস্তর থেকে শুক্ত করে ইবতেদায়ি, দাখিল, দাখিল ভোকেশনাল ও এসএসসি ভোকেশনালস্তরের পাঠ্যপুস্তকসমূহ চার রঙে উন্নীত করে আকর্ষণীয়, টেকসই ও বিনামূল্যে বিতরণ করার মহৎ উদ্যোগ গ্রহণ করেছে; যা একটি ব্যতিক্রমী প্রয়াস। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক রচিত ভোকেশনালস্তরের ট্রেড পাঠ্যপুস্তকসমূহ সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ২০১৭ শিক্ষাবর্ষ থেকে সংশোধন ও পরিমার্জন করে মুদ্রণের দায়িত্ব গ্রহণ করে। এ বছর উন্নতমানের কাগজ ও চার রঙের প্রচ্ছদ ব্যবহার করে অতি অল্প সময়ে পাঠ্যপুস্তকটি মুদ্রণ করে প্রকাশ করা হলো।

বানানের ক্ষেত্রে সমতা বিধানের জন্য অনুসৃত হয়েছে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত বানান রীতি। পাঠ্যপুস্তকটির আরও উন্নয়নের জন্য যে কোনো গঠনমূলক ও যুক্তিসংগত পরামর্শ গুরুত্বের সাথে বিবেচিত হবে। শিক্ষার্থীদের হাতে সময়মত বই পৌছে দেওয়ার জন্য মুদ্রণের কাজ দ্রুত করতে গিয়ে কিছু ক্রটি-বিচ্যুতি থেকে যেতে পারে। পরবর্তী সংস্করণে বইটি আরও সুন্দর, প্রাপ্তল ও ক্রটিমুক্ত করার চেষ্টা করা হবে। যাঁরা বইটি রচনা, সম্পাদনা, প্রকাশনার কাজে আন্তরিকভাবে মেধা ও শ্রম দিয়ে সহযোগিতা করেছেন তাঁদের জানাই আন্তরিক ধন্যবাদ। পাঠ্যপুস্তকটি শিক্ষার্থীরা আনন্দের সঙ্গে পাঠ করবে এবং তাদের মেধা ও দক্ষতা বৃদ্ধি পাবে বলে আশা করি।

প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা

চেয়ারম্যান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

সূচিপত্ৰ

প্রথম পত্র

অধ্যায়	অধ্যায়ের শিরোনাম	পৃষ্ঠা
প্রথম	স্ব-চিত্র ও ফ্লো চার্টসহ পূর্ণাঙ্গ পোশাক তৈরি	১-২২
দ্বিতীয়	সেলাই ও সিম	২৩-২৮
তৃতীয়	কাটিং মেশিন	২৯-৩১
চতুৰ্থ	সাধারণ সেলাই মেশিন	৩২-৪৩
পঞ্জম	থ্রি থ্রেড ওভারলক মেশিন	88-8b
ষষ্ঠ	সেলাই মেশিনের রক্ষণাবেক্ষণ	৪৯-৫৩
সপ্তম	পোশাকের মান নিয়ন্ত্রণ	৫৪-৬০
ব্যবহারিক		৬১-১২২

দ্বিতীয় পত্ৰ

অধ্যায়	অধ্যায়ের শিরোনাম	পৃষ্ঠা
প্রথম	স্ব-চিত্র ও ফ্লো চার্টসহ পূর্ণাঙ্গ পোশাক তৈরি	১২৩-১৪৪
দ্বিতীয়	সিঙ্গেল নিডেল লকস্টিচ মেশিন	\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\\
তৃতীয়	ফাইভ থ্রেড ওভারলক মেশিন	১৫২-১৫৪
চতুৰ্থ	বাটন হোল ও বাটন স্টিচ মেশিন	১ ৫৫-১৫৮
পঞ্চম	ফ্লাট লক ও মাল্টি থ্রেড চেইন স্টিচ মেশিন	১৫৯-১৬১
ষষ্ঠ	এমব্রয়ডারি মেশিন	১৬২-১৬৪
সপ্তম	সেলাই মেশিনের টেনশন ও স্টিচ রেগুলেটর অ্যাডজাস্ট	১৬৫-১৬৮
অষ্টম	সেলাই মেশিনের ফিড মেকানিজম ও নিডলবার অ্যাডজাস্টমেন্ট	১৬৯-১৭২
নবম	পোশাকের ফিনিশিং	১৭৩-১৮২
দশম	পোশাকের মান নিয়ন্ত্রণ	১৮৩-১৮৭
একাদশ	ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং	১৮৮-১৮৯
ঘাদশ	ব্যবহারিক কাজের সময় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ	১৯০-১৯২
ব্যবহারিক		১৯৩-২৪৪

প্রথম পত্র

প্রথম অধ্যায় স্ব-চিত্র ও ফ্লো-চার্টসহ পূর্ণাঙ্গ পোশাক তৈরি

১.১ পেটিকোট তৈরির নিয়ম



পেটিকোটের প্রতিটি অংশের নাম ও পরিমাণ


- ১. পিছনের মধ্য পার্ট (Back middle part)-১ টুকরা
- ২. সামনের মধ্য পার্ট (Front middle part)-১ টুকরা
- ৩. পিছনের সাইড পার্ট (Back side part)-২ টুকরা
- 8. সামনের সাইড পার্ট (Front side part)-২ টুকরা
- ৫. কোমর পম্ভি (Waist band)-১ টুকরা
- ৬. বোতাম পঞ্জি (Button placket)- ২ টুকরা

প্ৰদেশ/অপাত্ৰেশন প্ৰকল্পটন

১, কোমর পাইর দৃই দিকের জাঁজ



২. কোমর পত্তিৰ দুই দিকের হেম সেলাই




৩. দিচের বোড়ায় পরি জাল




৪, উপয়ের বোডাম পরি ভাক



৫. সামসের সন্য পার্টের মাঝপালে উপজের নিজে ৪"- ৫" জারগা কটিকে হবে



ও. সোৱার প্রাকেট সেলাই



৭. আশার প্লাকেট সেলাই



৮. সামনের মধ্য পার্টের সাথে বাম দিকের সাইড পার্ট সেলাই



৯. সামনের মধ্য পার্টের সাথে ডান দিকের সাইড পার্ট সেলাই



১০. পিছনের মধ্য পার্টের সাথে বাম দিকের সাইড পার্ট সেলাই




১১. পিছনের মধ্য পার্টের সাথে ডান দিকের সাইড পার্ট সেলাই



১২, সাৰদেৱ পাৰ্টেৰ সাবে পিছনের পার্টের সংবৃত্তি নেলাইকরণ



১৩, কোমৰ গটিৰ সংযুক্তি সেলাই



১৪. কোনৰ পটিৰ ফাঁজ




>७. त्यम कॅक्सम्बर्ध




>৫. কোনৰ পটির ভাবল লেলাই




১৭. হেম লেলাইকরণ





১,২ ইজাৰ প্যাণ্ট লেলাইয়েৰ নিয়ন



ইজার প্যাতের প্রকিটি সন্তব্ধ নাম ও পরিবাদ


- ১. সাবনের অংশ (Front part) २ हेक्बा
- ६ निस्तान जर्भ (Back part) ६ हेन्स

ইবার প্যাত লেলাইতের বাপ


১. বাম পালের ফ্রন্ট এবং কাক পার্ট একবিড করে বাম পালের সংযুক্তি সেবাইকরণ।




২_০ ভান পালের ফ্রণ্ট এবং ব্যাক একমিত করে ভান পালের সংযুক্তি *সেলাইকর*ণ।




বাম পাশের অংশের নিচের হেম ভাঁজ করে সেলাইয়ের উপযোগীকরণ।




8. বাম পাশের অংশের নিচের হেম সেলাইকরণ।




৫. ডান পাশের অংশের নিচের হেম ভাঁজ করে সেলাইয়ের উপযোগীকরণ।




৬. ভান পাশের অংশের নিচের হেম সেলাইকরণ।




৭. বাম পাশ ও ডান পাশের অংশ একত্রিত করে ফ্রন্ট রাইজ সেলাইকরণ।




৮. বাম পাশ ও ডান পাশের অংশ একত্রিত করে ব্যাক রাইজ সেলাইকরণ।




৯. ইজার প্যান্টের উপরিভাগ ভাঁজ করে ইলাস্টিক (Elastic) লাগানোর উপযোগীকরণ।




১০. ইজার প্যান্টের উপরিভাগে ইলাস্টিক (Elastic) সহ সেলাইকরণ।



১১. ইনসিম (Inseam) অথবা ক্রসসিম (Cortch seam) সেলাইকরণ।



নিম্নে একটি ইজার প্যান্ট সেলাইয়ের ফ্রোচার্ট (Flow chart) দেখানো হলো।



১.৩ সেলোরার তৈরির নির্ম



সেলোয়াত্ৰের শ্রতিটি অংশের নাম ও পরিমান

- ১. ब्योरेन शॉर्ष (Main part)-२ हेक्बा
- ২, সাইভ পার্ট (Side part)-৪ টুকবা
- ৩. হিল পার্ট (Hip part)-১ টুকরা
- লেগ ফেলিং (Leg part)-১ টুকরা

বলেন /বলারেশন ক্রেকডাইন :

১. বাম দিকের মধ্য পার্টের সাথে বাম পালের সাইভ পার্ট সেলাই



২, বাম দিকের মধ্য পার্টের সাথে ভরান পাশের সাইভ পার্ট সেলাই



৩. ভান বিজেন সধ্য পাৰ্টেন সাথে বাৰ পাণের সাইত পার্ট লেলাই




৪, ভাম দিকের মধ্য পার্টের সাথে ভাল পাশের সাইভ পার্ট সেলাই



e. लाग क्लमिर क्लम




७. ब्रॉमेंड लाग स्मन्दि




৭. সিউ জেকোরেটিক সিব




৮. সিট ক্ৰণ্ট বাইজ



১. সিউ ব্যাক বাইজ



১০. নিউ ইনসিম




১১. কোনর পরির মুইটি নিকের সংযুক্তি সেলাই ১২. মেইক ছবিটাং হোল






১৩. কোমর পঞ্জির হেম তাঁজ




১৪. কোমৰ গঠিৰ ছেম সেগৰি



১৫, সেলোয়ান্তের উপরিভাগে ভূটি সেলাই




১৬. হিল পাৰ্ট এবং ৰঞ্জি পাৰ্ট সংবৃক্তি সেলাই



নিম্নে একটি সেলোয়ার সেলাইয়ের ফ্লো-চার্ট (Flow chart) দেখানো হলো।

ফ্লো-চার্ট



১.৪ কাৰিছ কৈবিব নিৱম




কামিজের প্রতিটি অংশের নাম ও পরিমান


-). निरमब जल (Back part)-) हैकवा
- २. जावरमव जल्म (Front part)-১ ट्रेक्ना
- o, হাভার অংশ (Siceve part)-২ টুকরা
- 8. गंगांत गीर्ड (Neck facing)-ऽट्रेक्ना

এনেস/ স্বশারেশন প্রক্রাটন :


১. হাভার হেয় ভাঁজ



৩. হাভার তৈরি লেলাই



২, হাভার হেব সেলাই



৪. লেভার জন্মেশ



৫. পৰাৰ পৰি জ্ঞেন



৭, প্ৰাৰ পৰি হেম সেপ্টি



b. अंग्रेष्ठ निक



১১. বটম হেম লেলাই




৬, পৰাৰ গমি টগৰ্কিচ




৮. সিউ সাইড সিম



১০. ৰটম হেম ভাঁজ





১.४ ब्रावेच देववित्र निवय




স্থাউজের প্রতিটি করেশর লাম ও পরিয়াল

- 5. शिक्सनव जर्म (Back part)-5 हैं कवा
- ३. जीमस्तव करने (Front part)-३ ट्रेकवी
- e. शंकांद जल्म (Sleeve part)-३ ट्रिक्दा
- ৪. বোজাৰ পৰি (Button placket)- ২ টুকৰা
- e. পদার পটি (Neck facing)-১ টুকরা

ধ্ৰেদ/কণাত্ৰেণ্য প্ৰকটিৰ :

১. ক্ৰণ্ট ভাৰ্ট দেলাইকলৰ



ত, সাইত সিৰ ভাট সেলাইকরণ




২, আৰ্থ হোল ফাৰ্ট লেলাইকাৰ



S. राहकी कोई (नगदिकता




৫. আপার প্লাকেট সংযুক্তিকরণ




৬. আপার প্লাকেট ভাঁজকরণ




৭. আপার প্লাকেট হেম সেলাই




৮. লোয়ার প্লাকেট সংযুক্তি সেলাই



৯. লোয়ার প্লাকেট ভাঁজকরণ



১০. লোয়ার প্লাকেট বাউন্ড সিম



১১, ব্যাক ভার্ট দেলাইকজন




১৬. নেক ফেলিং প্রৱাতকরণ





১৭. প্রিভ ব্যে ভীজকরণ




১২, লোকার জনেন




১৪. নেক কেনিং সম্ভূতিকরণ




>১. শিউ সাইড শিম



১৮. ব্ৰিচ হেম সেলাইকবৰ




১৯. হাৰা তৈরি সেবাই



২০. ব্লিচ সমূচিকলা




২১. কটম হেন ভাঁজ



২২. বটম হেন লেলাই





প্রশুমালা

- ১. পেটিকোটের কয়টি অংশ ও কী কী?
- ২. চিত্রসহ পেটিকোটের সেলাইয়ের অপারেশন সিকুইয়েন্স লেখ।
- ৩. পেটিকোটের ফ্লো-চার্ট তৈরি কর?
- 8. ইজার কয়টি অংশ ও কী কী?
- ৫. চিত্রসহ ইজার সেলাইয়ের অপারেশন সিকুইয়েন্স লেখ।
- ৬. ইজার প্যান্টের ফ্লো-চার্ট তৈরি কর?
- ৭. সালোয়ারের কয়টি অংশ ও কী কী?
- ৮. সালোয়ারের ফ্লো-চার্ট তৈরি কর।
- ৯. চিত্রসহ সালোয়ার সেলাইয়ের অপারেশন সিকুইয়েন্স লেখ।
- ১০. কামিজের কয়টি অংশ ও কী কী?
- ১১. চিত্রসহ কামিজ সেলাইয়ের অপারেশন সিকুইয়েন্স লেখ।
- ১২. কামিজের ফ্লো-চার্ট তৈরি কর?
- ১৩. ব্লাউজের কয়টি অংশ ও কী কী?
- ১৪. চিত্রসহ ব্লাউজ সেলাইয়ের অপারেশন সিকুইয়েন্স লেখ।
- ১৫. ব্রাউজের ফ্রো-চার্ট তৈরি কর।

দ্বিতীয় অধ্যায় সেলাই ও সিম

প্রাচীন কাল হতে মানুষ সুতার দ্বারা বিভিন্ন ধরনের কারুকার্য করে আসছে। এ সকল কারুকার্য সেলাইয়ের মাধ্যমে সম্পন্ন করা হয়। মানুষ যখন লজ্জা নিবারণের জন্য গাছের ছাল, বাকল ইত্যাদি পরিধান করত। তখন থেকেই মানুষের চিন্তাশক্তি কাজ করতে থাকে যে, কীভাবে বিভিন্ন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে লজ্জা নিবারণের আরও উন্নত উপায় খুঁজে পাওয়া যায়। প্রথমে বস্ত্র এবং পরবর্তী পর্যায়ে মানুষের আকৃতি অনুযায়ী কাপড় কেটে সুচ ও সূতার দ্বারা স্বহস্তে সেলাইয়ের মাধ্যমে জোড়া দিয়ে পোশাকে রূপান্তরিত করা হয়।

২.১ সেলাইয়ের সংজ্ঞা (Definition of sewing)

এক বা একাধিক কাপড়ের অংশ একত্র করে সূচ ও সূতার মাধ্যমে উপর নিচ ফোঁড় তুলে পরস্পর আবদ্ধ করাকে সেলাই বলে। প্রথমে অখণ্ড কাপড়কে কোনো ব্যক্তি বা পোশাকের মাপ অথবা ক্রেতার চাহিদা অনুযায়ী মানবদেহের বিভিন্ন অংশের আকৃতির ন্যায় কর্তন করা হয় এবং সেলাইয়ের মাধ্যমে জোড়া দিয়ে পোশাক তৈরি করা হয়।

বর্তমান আধুনিক বিশ্বে বিভিন্ন ধরনের সেলাই লক্ষ করা যায় ও বিভিন্ন ধরনের সেলাইয়ের মাধ্যমে পোশাকের জন্য কর্তন অংশ করা জোড়া দেয় এবং নানা ধরনের নকশা তৈরি করা হয়ে থাকে, যাকে ডেকোরেটিভ স্টিচ (Decorative stitch) বলে।


২.২ সেলাই এর প্রকারভেদ:

বর্তমান বাজারে বিভিন্ন ধরনের সেলাই দেখা গেলেও সেলাই প্রধানত দুই প্রকার যেমন:

- ১। হাতের সেলাই (Hand stitch)
- ২। মেশিনের সেলাই (Machine stitch)

১। হাতের সেলাই


পৃথিবীতে সর্বপ্রথম হাতের সেলাইয়ের মাধ্যমে শুরু হয় পোশাক তৈরির কাজ। পোশাক তৈরির কাজ শুরু করার পূর্ব হতে শুরু হয় সেলাইয়ের কাজ। কয়েক পড়তা কাপড় একত্রে ভাঁজ করে হাতে সেলাই করে কাঁথা তৈরি করত, পর্যায়ক্রমে হাতের সেলাই দ্বারা তৈরি করা হয় পোশাক। মেশিন সৃষ্টির পূর্ব পর্যন্ত মানুষ শুধুমাত্র বিভিন্ন ধরনের হাতের সেলাইয়ের মাধ্যমে পোশাক তৈরির সাথে সাথে পোশাকের সৌন্দর্য বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের জীবজন্তু, লতাপাতা, ফুল ও গাছের নকশা তৈরি করত। বর্তমানে পোশাক তৈরির কাজে হাতের সেলাই প্রায় বিলীন হলেও তৈরি পোশাকের মধ্যে এবং বিভিন্ন ধরনের শাড়ি, চাদর ও কাথাঁয় সূচ সূতার



কারুকার্ব এমন সৃক্ষ ও সুন্দর হয় যার মূল্য এবং চাহিদা মেশিনে তৈরি পোশাকের তুলনায় কয়েকগুণ বেশি। হাতের সেলাই আবার বিভিন্ন ধরনের হয়।

২। মেশিনের সেলাই

বিজ্ঞানের উন্নতির সাথে সাথে অত্যাধুনিক যন্ত্রপাতি আবিকারের মাধ্যমে মানুষ প্রবেশ করে যান্ত্রিক যুগে। এ যুগে মানুষ চায় স্বল্প খরচ ও স্বল্প সময়ের মধ্যে প্রয়োজনীয় বস্তুটি পেতে। মেশিনের সাহায্যে পোশাক তৈরি করতে সময়ের অপচয় যেমন কম হয়, তেমনি তা (পোশাক তৈরির কাজ) সম্পন্ন হয় স্বল্প খরচে। বর্তমান বিশ্বে অধিকাংশ কাজের মত পোশাক প্রস্তুতের কাজে ও মেশিনের ব্যবহার বেশি। এমন কি বিভিন্ন ধরনের হাতের সেলাই ও দ্রুত সম্পন্ন করার জন্য সৃষ্টি হয়েছে মেশিন, যাকে হ্যান্ডস্টিচ মেশিন (Hand Stitch) বলে। পোশাক তৈরির কাজে বিভিন্ন ধরনের সেলাই ও মেশিন ব্যবহার হলেও মেশিনের সেলাই প্রধানত দুই প্রকার যেমন- ক) লকস্টিচ (Lockstitch) খ) চেইনস্টিচ (Chain stitch)



(ক) লকস্টিচ (Lockstitch)

যে মেশিনে ববিন (Bobbin), ববিন কেস (Bobbin Case), রোটারি ছক ও নিডেশের সমস্বয়ে সেলাই তৈরি হয় তাকে লকস্টিচ মেশিন বলে এবং এ জ্ঞাতীয় মেশিন দ্বারা যে সেলাই উৎপন্ন হয় তাকে লকস্টিচ বলে। ষেমন- হ্যান্ড মেশিন, পা- পাচালিত মেশিন, ইন্ডাস্ট্রিয়াল সিঙ্গেল নিডেল লকস্টিচ মেশিন, ডবল নিডেল লকস্টিচ মেশিন, বারুটেক মেশিন, এমব্রয়ডারি মেশিন।

(খ) চেইনস্টিচ (Chain stitch)

যে মেশিনে ববিন ও ববিন কেসের প্রয়োজন হয় না, 'শুধু নিডল ও লুপার এর সমস্বয়ে যে সেলাই তৈরি হয় তাকে চেইনস্টিচ মেশিন বলে এবং এ জাতীয় মেশিন দারা যে সেলাই উৎপন্ন হয় তাকে চেইনস্টিচ বলে। সেলাই ও সিম

যেমন- ওভারলক মেশিন, সিংগেল নিডেল চেইনস্টিচ মেশিন, ডবল নিডল চেইনস্টিচ মেশিন, সিঙ্গেল থ্রেড চেইনস্টিচ মেশিন ইত্যাদি।

২.৩ হাতের সেলাই পদ্ধতি

পৃথিবীতে সর্বপ্রথম হাতের সেলাইয়ের মাধ্যমেই শুরু হয় পোশাক তৈরির কাজ। পোশাক তৈরির কাজ শুরু হওয়ার পূর্ব হতে শুরু হয় সেলাইয়ের কাজ। প্রথমে মানুষ কয়েক পরতা কাপড় একত্রে ভাঁজ করে হাতে সেলাই করে কাঁথা সেলাই করত। পর্যায়ক্রমে হাতের সেলাইয়ের মাধ্যমে তৈরি হয় পোশাক। মেশিন সৃষ্টির পূর্ব পর্যন্ত মানুষ শুধুমাত্র নানা ধরনের হাতের সেলাইয়ের মাধ্যমে পোশাক তৈরির সাথে সাথে পোশাকের সৌন্দর্য বৃদ্ধির জন্য নানা ধরনের জীবজন্ত, লতাপাতা, ফুল ও গাছের নকশা তৈরি করত। বর্তমান যুগে পোশাক তৈরির কাজে হাতের সেলাই প্রায় বিলীন হলেও তৈরি পোশাকের মধ্যে এবং নানা ধরনের শাড়ি, চাদর ও কাঁথার সুচ সুতার কারুকার্য এমন সৃক্ষ ও সুন্দর হয় যার মূল্য এবং চাহিদা মেশিনে তৈরি পোশাকের তুলনায় কয়েক গুণ বেশি। হাতে সেলাই আবার বিভিন্ন ধরনের হয়ে থাকে। যেমন:

- ১. সোজা বা রান সেলাই (Run stitch)
- ২. ওরমা বা মুড়ি সেলাই (Over edge stitch)
- ৩. তুরপাই বা হেম সেলাই (Hemming stitch)
- 8. তাগাতোলা সেলাই (Tailor tacking stitch)
- ৫. ক্রস সেলাই (Cross stitch)
- ৬. বোতাম ঘর বা কাজ ঘর সেলাই (Button hole stitch)
- ৭. এমব্রয়ভারি সেলাই ইত্যাদি (Embroidery stitch)

২.৪ সিমের সংজ্ঞা

যে রেখা বরাবর একাধিক পরতা কাপড় জোড়া লাগানো হয় ঐ রেখাকে সিম বলে। কাপড় সেলাই করে অথবা বিকল্প কোনো পদ্ধতিতে জোড়া লাগালেই সিমের উৎপন্ন হয়। সেলাইয়ের মূখ্য উদ্দেশ্য হলো এমন একটি সিম তৈরি করা যার চেহারা এবং গুণাগুণ যেন মানসম্পন্ন হয় এবং কম খরচে তৈরি করা যায়। ভালো চেহারা সম্পন্ন সিম বলতে বুঝায় যে, সিমের মধ্যে সেলাইয়ের এককসমূহ সঠিক ও সুষম সাইজের হয়েছে কীনা এবং কাপড়ের কোনোরূপ ক্ষতি সাধন হয় নি বরং সেলাই রেখা বরাবর সেলাই মসৃণ থাকবে অর্থাৎ কাপড় যেন কুঁচকে না যায়। যদিও সিমের মধ্যে কাপড়ের কুচি গ্রহণযোগ্য নয় তথাপি কোনো কোনো সময় বিশেষ ডিজাইন তৈরির জন্য সিমের মধ্যে কাপড়ের কুচি ইচ্ছাকৃতভাবেই তৈরি করা হয়। বিভিন্ন প্রকার আঁশ ও বিভিন্ন প্রকার কাপড়ের গঠনের কারণে ভালো চেহারার সিম তৈরির জন্য বিভিন্ন ধরনের কৌশল প্রয়োগ করার প্রয়োজন হয়। পোশাক তৈরির পর ব্যবহার করার সময় অথবা পরিষ্কার করার পর সিমের চেহারা যেন ঠিক থাকে তা নিশ্চিত করতে হবে।

২৬ ডেব মেকিং-২

২.৫ সিমের প্রকারভেদ

বর্তমান বিশ্বে অনেক ধরনের সিম দেখা গেলেও এগুলোকে প্রধানত ৪টি শ্রেণিতে ভাগ করা হয়েছে যথা-

- ১। সুপার ইমপোজড সিম (Superimpsed seam)
- ২। ল্যাপড সিম (Lapped seam)
- ৩। বাউন্ড সিম (Bound seam)
- 8। ফ্লাট সিম (Flat seam)

১। সুপার ইমপোজড সিম

পোশাক তৈরির জন্য এ শ্রেণির সিম সবচেয়ে বহুল প্রচলিত। এ শ্রেণিভুক্ত সিম সবচেয়ে সহজে তৈরি করা যায়। এরূপ সিম একটি কাপড়ের প্রান্ত সুষমভাবে বসিয়ে সেলাই করে তৈরি করা হয়। সাধারণত কাপড়ের সেলাইকৃত প্রান্ত অথবা প্রান্তগুলো একই দিকে থাকে। এ শ্রেণির সিম তৈরির জন্য বিভিন্ন প্রকার সেলাই ব্যবহার করা যায়। কাপড় জোড়া লাগানো বা কাপড়ের প্রান্ত সেলাইয়ের মাধ্যমে পরিপাটি করা হয় অথবা উভয় কাজের জন্য এ ধরনের সিম ব্যবহার করা হয়। বিশেষ করে শটি এবং প্যান্টের সাইড (Side Seam) এ সুপার ইমপোজড সিমের ব্যবহার খুবই বেশি।





Figure 1. Superimposed Seam


২। ল্যাপড সিম


এ শ্রেণির অন্তর্ভুক্ত সিমগুলো কমপক্ষে দুইটি কাপড় দ্বারা তৈরি করা হয়। সিমের রেখা বরাবর সেলাইকৃত কাপড়ের প্রান্ত দুইটি সাধারণত বিপরীত দিকে থাকে ও একটি প্রান্ত অপরটির উপর চাপানো থাকে। এ সিম সাধারণত দুই সুচ বিশিষ্ট মেশিনের সাহায্যে তৈরি করা হয়। এ সিমের শক্তি অনেক বেশি। সংঘর্ষজনিত কারণে সেলাই সুতা ক্ষতিগ্রন্ত হতে পারে এরপ ডেনিম কাপড়ের প্যান্ট তৈরিতে এ ধরনের সিম ব্যবহার করা হয়।



৩। বাউভ সিম


এ শ্রেণির সিম তৈরি করতে কমপক্ষে দুইটি কাপড় লাগে। একটি কাপড়ের প্রান্ত অন্য কাপড়টি ধারা মুড়ে দেওয়া হয় বিধায় একে বাউভ সিম বলে। যে কাপড়টি ধারা মুড়ে দেওয়া হয় সে কাপড়টি একই রং অথবা ভিন্ন রঙের হতে পারে। যে কাপড়টি মুড়ে দেওয়া হয় ভার প্রান্ত হতে যেন সুভা খুলে না যায় ভার জন্য এক টুকরা লখা কাপড়ের দুই প্রান্ত ভেকে দিয়ে ঐ কাপড়টির প্রান্ত মুড়ে দেওয়া হয়। বাউভ সিম সাধারণত গেঞ্জি, জাঙ্গিয়া, বাচ্চাদের প্যান্টের নিম্নদিকে ব্যবহার করা হয় এবং কোনো কোনো পোলাকে গলা কিংবা হাতার নিম্নভাগে ব্যবহার হয়ে থাকে।






৪। ফ্লাট সিম

দুইটি কাপড়ের প্রান্ত জ্যোড়া লাগিয়ে এ শ্রেণির সিম তৈরি করা হয়। তবে প্রান্ত দুইটি পাশাপাশি অবস্থান করে অর্থাৎ একটি প্রান্ত অন্যটির উপর স্থাপন করা হয় না। সৌর্ন্দয বৃদ্ধির জন্য কখনও কখনও প্রান্ত দুইটির মধ্যে ফাঁকা রেখে সিম তৈরি করা হয়।





২৮ ড্রেস মেকিং-২

২.৫ সেলাই ও সিমের মধ্যে পার্থক্য

সেলাই ও সিম একে অপরের পরিপূরক হলেও তাদের মধ্যে কিছু পার্থ্যক বিদ্যমান । নিম্নে তা আলোচনা করা হলো—

সেলাই	সিম
১। এক বা একাধিক কাপড়ের অংশ একত্র করে	২। যে রেখা বরারব সেলাই করা হয় সেই রেখাকে
সুচ ও সুতার দ্বারা আবদ্ধ করাকে সেলাই বলে।	সিম বলে।
২। সেলাই এর একক হলো স্টিচ	২। কতগুলো স্টিচের সমষ্টিই হলো সিম
৩। সেলাই ছাড়াও বিকল্প পদ্ধতিতে কাপড় জোড়া	৩। যে কোন পদ্ধতিতে কাপড় জোড়া দিলে সিম
দেওয়া যায় ।	উৎপন্ন হয়।
৪। সকল সেলাই এ সিম এর উপস্থিতি নিশ্চিত	৪। সেলাই ছাড়াও সিম হতে পারে।
হয়।	

প্রশ্নমালা


- ১। সেলাইয়ের সংজ্ঞা লেখ।
- ২। সেলাইয়ের প্রকারভেদ লেখ।
- ৩। সিমের সংজ্ঞা লেখ।
- 8। সেলাই ও সিমের মধ্যে পার্থক্য লেখ।

তৃতীয় অধ্যায় কাটিং মেশিন

৩.১ কাপড় কাটার মেশিন

বর্তমানেও কোন কোন ক্ষেত্রে কাঁচির সাহায্যে কাপড় কেটে পোশাক তৈরি করা হয়। বিজ্ঞানের উন্নতির ফলে অত্যাধূনিক যন্ত্রপাতি আবিষ্কার হওয়ায় বিশেষ করে রপ্তানিমুখী পোশাক শিল্পে কাঁচি পরিবর্তে কাটিং মেশিন (Cutting machine) দ্বারা কাপড় কাঁটা হয়।

রপ্তানিমুখী পোশাক শিল্পে কাটিং মেশিন ছাড়া কাপড় কাটার কথা চিন্তাই করা যায় না। কাটিং মেশিনের সাহায্যে একত্রে বহু সংখ্যক পোশাকের কাপড় কাটা যায়, কাঁচির সাহায্যে যা সম্ভব নয়। রপ্তানিমুখী পোশাক শিল্পে স্বল্প সময়ে অধিক উৎপাদনের লক্ষ্যে অন্যান্য অত্যাধুনিক মেশিনের মতো কাটিং সেকশনেও কাটিং মেশিন ব্যবহার করা হয়ে থাকে।



৩.২ কাপড় কাটার মেশিনের প্রয়োজনীরতা

- ১। খুব দ্রুত কাপড় কাটা যায়।
- ২। একই সাথে অধিক সংখ্যক পোশাকের কাপড় কাটা যায়।
- ৩। একই সাথে একাধিক লে কাপড় কাটা যায়।
- ৪। প্রতিটি পোশাকের অংশ একই রকম কাটা হয়।
- ৫। কর্তিত প্রান্ত সুন্দর ও মসৃণ হয়।
- ৬। স্ট্রেইট নাইফ কাটিং মেশিন দারা বড় বড় অংশ কাটা সহজ হয়।
- ৭। মেশিনটি স্থানান্তরযোগ্য বিধায় টেবিলের যে কোনো প্রান্ত হতে কাপড় কাটা যায়।
- ৮। ব্যান্ড নাইফ মেশিন দ্বারা পোশাকের ছোট ছোট অংশ নিখুঁতভাবে কাটা যায়।
- ৯। কম জনশক্তি খরচে অধিক কাপড কাটা যায়।
- ১০। কাপড় কাটার গুণগত মান উন্নত হয়।

আমাদের দেশের পোশাক শিল্প কারখানায় বিভিন্ন ধরনের কাটিং মেশিন ব্যবহৃত হলেও নিচে বছল প্রচলিত দুই ধরনের কাটিং মেশিন সম্পর্কে আলোচনা করা হলো–

৩.৩ ম্টোইট দাইক কাটিং মেশিন

শোশাক শিল্পে সবচেয়ে বেশি ব্যবহৃত কাটিং মেশিনের বলতে ন্ট্রেইট নাইক কাটিং মেশিনকে বৃঝায়। এই কাটিং মেশিনের নাইকের উচ্চতা সাধারণত ৮"- ১০" হয়ে থাকে। এ নাইক সোজা বিধায় এর নামকরণ করা হয়েছে ক্ট্রেইট নাইক কাটিং মেশিন। এ মেশিনের সাহাব্যে শেপ্তডিং (Spreading) করা কাপড়ের উপর পোশাকের অংশের চিত্র অন্ধিত মার্কার পেশারের অন্ধন এর উপর দিয়ে মেশিন যুরিয়ে একই সাথে বহু সংখ্যক পোশাকের কাপড় কাটা হয়ে থাকে। এই সেইউট নাইক সাধারণত চার ধরনের হয়ে থাকে। যেমন—

- ১। স্টেইট এজ (Straight edge)
- ২। ধ্যেত এজ (Wave edge)
- ও। নচ এজ (Notch edge)
- ৪। সেরেটেড এক (Serrated edge)



ৰ্মোইট নাইফ কাটিং মেশিন

৩.৪ ব্যাভ নাইক কাটিং মেশিন

ব্যান্ত নাইক কাটিং মেশিন দেখতে অনেকটা 'স' মিলের কাঠ কাটা মেশিনের মত। ব্যান্ত নাইক কাটিং মেশিন ঘূরিয়ে কাপড় কাটা যায় না। কারণ ব্যান্ত নাইক মেশিন একই স্থানে সেট করা থাকে। স্ট্রেইট নাইক কাটিং মেশিন ধারা শেপ্রজিং করা কাপড়ের স্তপকে টুকরা করে ব্যান্ত নাইক কাটিং মেশিনের টেবিলের উপর নিয়ে কাপড়ের স্তপকে ঘূরিয়ে ঘূরিয়ে কাটিতে হয়। কাপড়ের স্তপ ঘূরিয়ে কাটার সময় নিচে বাভাস উঠে কাপড়ের স্তপকে ভাসমান অবস্থার রাখে। এতে কাপড় কাটা সহক্ষ হয়। এ ছাড়া আরও অনেক ধরনের কাপড় কাটার মেশিন আছে। যেমন— রাউত নাইক কাটিং মেশিন, (Round Knife Cutting

কাটিং মেশিন

Machine) কম্পিউটারাইজড কাটিং মেদিন (Computerized cutting Machine), হাইজ্বোলিক কাটিং মেশিন (Hydrolice Cutting Machine) নিট ফেব্রিক বারাস কাটিং মেশিন (Kinit Fabric Bias Cutting Machine), রিবন কাটিং মেশিন (Ribbon Cutting Machine) ইত্যাদি।



ব্যান্ড নাইফ কাটিং মেশিন

वनुमाना

- ১। কাটিং মেশিনের সংজ্ঞা লেখ।
- ২। কাটিং মেপিদের প্ররোজনীরভা লেখ।
- ৩। কাটিং মেশিন এর প্রকারভেদ লেখ।
- ৪। ষ্ট্ৰেইট নাইক ও ব্যান্ত নাইক কাটিং মেশিনের মধ্যে পার্থক্য লেখ।

চতুর্থ অধ্যায় সাধারণ সেলাই মেশিন

8.১ সেলাই মেশিনের বর্ণনা

সাধারণ সেলাই মেশিন বলতে আমরা পা চালিত সেলাই মেশিনকেই বুঝে থাকি। আমাদের দেশের টেইলারিং শপগুলোতে এ ধরনের মেশিন ব্যবহার করে থাকে। ব্যবহার ভিত্তিতে এই সাধারণ সেলাই মেশিন দুই ধরনের হয়ে থাকে। যেমন—

১। হস্তচালিত সাধারণ সেলাই মেশিন (২) পা চালিত সাধারণ সেলাই মেশিন।

সাধারণ সেলাই মেশিনের কাজ হলো কর্তন করা পোশাকের বিভিন্ন অংশকে সেলাইয়ের মাধ্যমে সংযুক্ত করে পূর্ণাঙ্গ পোশাকে রূপান্তরিত করা । বর্তমান আমাদের দেশের সাধারণ পরিবারের লোকেরা এ সেলাই মেশিন ক্রয় করে তাদের চাহিদা অনুযায়ী পোশাক তৈরি করে থাকে । স্বল্প খরচে একজন কাজ জানা লোক কয়েকটি মেশিন ক্রয় করে দর্জির দোকান (Tailor shop) করে তাদের জীবিকা নির্বাহের পাশাপাশি কিছু লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারে । আমাদের দেশে মহিলাদের কমসর্গস্থানের নিমিত্তে রপ্তানিমুখী পোশাক শিল্পের পাশাপাশি কৃটির শিল্পের ক্রমবিকাশ ঘটছে এবং মহিলাদের স্বাবলম্বী করে গড়ে তোলার কাজে সহযোগিতা করছে । বর্তমান বহির্বিশ্বের সাথে তাল মিলিয়ে চলতে হলে এবং দেশের অর্থনৈতিক উন্নতিকল্পে পুরুষের পাশাপাশি মহিলাদেরও কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে । কর্মসংস্থানের সহজ উপায় হলো কারিগরি শিক্ষা এই কারিগরি শিক্ষার মধ্যে ড্রেস মেকিং একটি উন্নত মানের ট্রেড যা মহিলাদের জন্য স্বচেয়ে সহজ ও নিরাপদ ।


8.২ সেলাই মেশিনের বিভিন্ন অংশের নাম ও কাজ

নিচে একটি সেলাই মেশিনের চিত্র অঙ্কন করে তার বিভিন্ন অংশ প্রর্দশন করা হলো-

- ১। প্রেসার বার এবং প্রেসার ক্রু
- ২। স্পুল পিন
- ৩। অয়েল ট্রে
- ৪। ব্যালেন্স হুইল
- ৫। স্টপ মোশন ক্সু
- ৬। ববিন উইন্ডার
- ৭। ট্র্যাডেল হুইল
- ৮। আউট সাইড স্ট্যান্ড
- ৯। ট্র্যাডেল প্লেট বা পাদানি
- ১০। পিট ম্যান রড
- ১১। ড্রেস গার্ড/ সেফটি গার্ড
- ১২। প্রেসার ফুট
- ১৩। নিডেল বার

সাধারণ সেলাই মেশিন ৩৩

- ১৪। টেনশন থাম নাট
- ১৫। নিডেল ক্ল্যাম্প
- ১৬ | নিডেল
- ১৭। ফিড ডগ
- ১৮। থ্রেড গাইড
- ১৯ । আউট সাইড স্ট্যান্ড রুলার
- ২০। বেল্ট শিফটার
- ২১। বেল্ট
- ২২। রিগুলেটিং স্ক্রু
- ২৩। নিডেল প্লেট
- ২৪ । স্লাইড প্লেট
- ২৫। থ্রেড টেকআপ লিভার
- ২৬। প্রেসার ফুট লিফটার
- ২৭। টেনশন ডিস্ক
- ২৮। টেকআপ স্প্রিং
- ২৯। টেবিল



৩৪ ড্রেস মেকিং-২

১। প্রেসার বার এবং প্রেসার क्

এটি মেশিনের একটি যন্ত্রাংশ এবং দেখতে একটি দণ্ডের মত। প্রেসার বারের সাথে একটি স্কুর সাহায্য প্রেসার ফুট লাগানো থাকে। প্রেসার বারের সাহায্যে প্রেসার ফুট উপরে তোলা ও নিচে নামানো যায়। মেশিনের উপরে প্রেসার বারের মাথায় একটি স্কু আছে একে প্রেসার স্কু বলে। কাপড়ের উপরে চাপ নিয়ন্ত্রণের জন্য কাপড়ের পুরুত্ব অনুসারে এই যন্ত্রটি দ্বারা চাপ কমানো বা বাড়ানো হয়।

২। স্পুল পিন

মেশিনের উপর ডান দিকে একটি স্টিলের দণ্ড খাড়াভাবে লাগানো থকে, এটাই স্পুল পিন। সেলাই করার পূর্বে যখন থ্রেডিং করার প্রয়োজন হয় তখন এটির মধ্যে সুতার কাটিম রেখে সুতা লাগানো শুরু করা হয় এবং সেলাই করার সময় এখান থেকেই সুতা সরবরাহ হয়ে থাকে।

৩। অয়েল ট্রে

মেশিন বা টেবিলের নিচে টিনের তৈরি যে বাক্স থাকে তাকে অয়েল ট্রে বলে। মেশিনে তৈল ব্যবহারের পরে যে অতিরিক্ত তৈলে থাকে তা বাক্সে জমা থাকে। কাপড়ে কোনো প্রকার তৈলের দাগ লাগে না।

৪।ব্যালেশ হুইল

এটি মেশিনের ডানে লাগানো থাকে। এটি দেখতে এক প্রকারের চাকার মত। এ চাকার সাথে এবং মেশিনের নিচে বড় চাকার সাথে একটি বেল্ট সংযুক্ত থাকে। যার ফলে বড় চাকা ঘুরালে এটিও ঘুরতে থাকে। মেশিন চালাবার সময় প্রথমে একে নিজের দিকে ঘুরিয়ে চলার গতি ঠিক করে নিতে হয়। উল্টো দিকে ঘুরালে সুতা কেটে যাওয়ার সম্ভাবনা থাকে।

ে। স্টপ মেশিন ক্স্

এটি এমন একটি যন্ত্রাংশ যা মেশিন চালানোর সময় নিডেলের উঠানামা বন্ধ করে এবং মেশিন হুইলের ডান পাশে লাগানো থাকে। এটিকে টাইট রাখলে নিডেল উঠানামা করে এবং ঢিলা করলে নিডেল উঠানামা বন্ধ হয়ে যায়।

৬। ববিন উইন্ডার

এটি মেশিনের ডান দিকে হ্যান্ড গুইলের পাশে অবস্থান করে । এর সাহায্যে ববিনে সুতা জড়ানো বা প্যাঁচানো হয় ।

৭।ট্রাডেল হুইল

মেশিনের নিচে বড় চাকাই হলো ট্র্যাডেল হুইল। ট্র্যাডেল ও ব্যালেন্স হুইলের সাথে বেল্ট সংযোগ থাকে। পাদানিতে পা রেখে চালানো সময় ট্র্যাডেল হুইল ঘুরে, এতে সমন্বয়ের জন্য ব্যালেন্স হুইলকে ঘুরাতে থাকে। এতে সেলাই মেশিন দ্বারা সেলাই কাজটি সম্পন্ন হয়। মেশিন চালনায় এটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সাধারণ সেলাই মেশিন ৩৫

৮। আউট সাইড স্ট্যান্ড

এটি ডানে বামে দুইটি থাকে যার দ্বারা মেশিনের ও টেবিলের ভারসাম্য রক্ষা করা হয়। এটি লোহার তৈরি বলে খুব শক্ত। এটি থাকার ফলে মেশিন পড়ে যাওয়ার সম্ভাবনা থাকে না।

৯। ট্র্যাডেল পেট বা পাদানি

এটি লোহার তৈরি এবং এর আকার আয়তাকার এটির উপর পা রেখে মেশিন চালাতে হয়। আবার থামানোর সময় এটি মেশিনকে থামাতে সাহায্য করে। কাজেই মেশিন চালাতে এবং থামাতে এটির খুব প্রয়োজন।

১০। পিট ম্যান রড

এটি একটি দণ্ড যা লোহার তৈরি। ট্র্যাডেল হুইল ও পাদানির মধ্যে সংযোগ এটির প্রধান কাজ। পাদানিতে পা রেখে পাদানি উঠা- নামা করালে পিটম্যান রড উঠা-নামা করে ট্র্যাডেল হুইলকে ঘুরায়। যার ফলে মেশিন ঘুরে ও সেলাই হয়।

১১। ড্রেস গার্ড

এটি ট্র্যান্ডেল হুইলের পাশে হুইলের ঢাকনা হিসাবে ব্যবহৃত হয়। এর সাহায্যে হুইল শক্তভাবে ট্র্যান্ডেলের সাথে যুক্ত থাকে।

১২। প্রেসার ফুট

এটি প্রেসার বারের মাথায় একটি স্কুর সাহায্যে লাগানো থাকে। এটি পায়ের পাতার মত। কিন্তু মাঝখানে ফাঁকা রেখে দুইটি অংশে বিভক্ত থাকে। বাম পাশের অংশটি একটু চওড়া ও ডান পাশের অংশটি একটু সুরু থাকে। একে প্রেসার ফুট লিফটারের সাহায্যে সেলাইয়ের সময় কাপড়কে চেপে ধরে রাখা হয় এবং এর সাহায্যে সেলাইয়ের লাইন সোজা রাখা যায়।

১৩। নিডেল বার

প্রেসার বারের সামনে থাকে নিডেল বার। নিডেল বারের নিচের মাথায় নিডেল ক্ল্যাম্পের সাহায্যে নিডেল লাগানো হয় বিধায় নিডেল বার উঠানামা করলে নিডেলও উঠানামা করে। নিডেলের মাথায় এবং নিচের ববিনে সুতা সংযুক্ত থাকায় নিডেল উঠানামা করে সেলাই করা হয়।

১৪। টেনশন থাম নাট

এর সাহায্যে নিডেলের সুতার টান (Tension) সমস্বয় করা যায়। এটিকে ডানে অথবা বামে ঘুরিয়ে মেশিনের উপরের টান কম বেশি করা যায়। ডানে ঘুরালে সুতা টাইট হবে এবং বামে ঘুরালে সুতা ঢিলা হবে।

৩৬ ড্রেস মেকিং-২

১৫। নিডেল ক্ল্যাম্প

নিডেল বারের নিচের মাথায় নিডেল ক্ল্যাম্প অবস্থিত। নিডেল ক্ল্যাম্পের স্কু ঢিলা করে এর ভিতরে নিডেল ঢুকিয়ে স্কু টাইট করে দিতে হয়। এর সাহায্যে নিডেল খোলা ও লাগানো হয়।

১৬। নিডেল

এটি মেশিনের একটি শুরুত্বপূর্ণ যন্ত্রাংশ এর অভাবে মেশিনে কাজ করা অসম্ভব। এর একদিকে অপেক্ষাকৃত সরু এবং অপর দিকে মোটা। সরু দিকে একটি ছিদ্র থাকে যাকে নিডেলের আই বলে। এর একটি প্রান্ত সরু হওয়ায় সহজে কাপড়ের ভিতরে ঢ়ুকতে পারে। এর সাইজ বিভিন্ন রকমের হয়ে থাকে। যেমন— ১৪, ১৬, ১৮ ইত্যাদি।

১৭ ৷ ফিড ডগ

এটি দেখতে খাঁজ কাটা দাঁতের মত। এটি প্রেসার ফুটের নিচে এবং নিডেল প্লেটের মাঝখানের অবস্থান করে। মেশিন চালানোর সময় বা কাপড় সেলাইয়ের সময় এর সাহায্যে কাপড় সামনের দিকে এগিয়ে যায়।

১৮। প্রেড গাইড

সুতাকে সোজা ও সমান্তরালভাবে রাখার জন্য যে যন্ত্রাংশ ব্যহার করা হয় তাকে থ্রেড গাইড বলে। এটি দেখতে অনেকটা স্টিলের তারের মত।

১৯। আউট সাইড স্ট্যান্ড রোলার

আউট সাইড স্ট্যান্ডের নিচে চারটি চাকা লাগানো থাকে। এ চারটি চাকাই হলো রোলার। এদের সাহায্যে মেশিন এক স্থান হতে অন্যস্থানে স্থানান্তর করতে সহজ হয়।

২০। বেল্ট শিফটার

এটি ড্রেস গার্ড - এর সাথে লাগানো থাকে। এতে একটি ছিদ্র থাকে এবং এ ছিদ্রের ভিতর দিয়ে বেল্ট লাগানো হয়। এতে মেশিন চালানোর সময় বেল্ট এদিক- সেদিক যেতে পারে না।

২১। বেল্ট

অধিকাংশ ক্ষেত্রেই এটি সুতার তৈরি হয়ে থাকে। এ বেল্টে ব্যালেস হুইল এ ট্র্যাডেল হুইলের সাথে সংযোগ স্থাপনই এটির প্রধান কাজ।

২২। রেগুলেটিং ক্স

এটি মেশিনের ডান দিকে লাগানো থাকে। এর সাহায্যে সেলাই ছোট, মাঝারি ও বড় করা যায় এটিকে উপরে উঠালে সেলাই ছোট হয় এবং নিচে নামালে সেলাই বড় হয়। এর সাহায্যে অনেকেই অজ্ঞতা হেতু ব্যাকস্টিচ দিয়ে থাকে যা মেশিনের জন্য ক্ষতিকর।

সাধারণ সেলাই মেশিন ৩৭

২৩। নিডেল প্রেট

এটি স্টিলের তৈরি দেখতে ইংরেজি (D) এর মত। এটি প্রেসার ফুটের নিচে টেবিল পৃষ্ঠে লাগানো থাকে। এর দুইটি লম্বা ফাঁকা অংশের ভিতর দিয়ে ফিড ডগের সামনে পিছনে এবং উপরে নিচে আসা যাওয়া করে সেলাইকৃত কাপড়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যায়। এর মাঝখানে একটি ছিদ্র থাকে যার মধ্য দিয়ে নিডেল উঠানামা করে।

২৪। স্মাইড প্লেট

নিডেল প্লেটের বাম পাশে বর্গাকার একটি প্লেট লাগানো থাকে এটিই স্লাইড প্লেট। একে বামদিকে সরিয়ে ববিনকেস মেশিনে সেট করা হয়। সেলাই করার সময় এটি বন্ধ রাখতে হয়।

২৫। থ্রেড টেকআপ লিভার

এটি সেলাই মেশিনের একটি গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ। এর মাথায় ছিদ্র আছে যার ভিতরে দিয়ে সুতা লাগানো থাকে। সেলাই করার সময় এটি উপরে নিচে- উঠা নামা করে প্রয়োজনীয় সুতা সরবরাহ করে। এর ভিতরে সুতা না পরালে প্রতিটি স্টিচে সুতা কেটে যাবে।

২৬। প্রেসার ফুট লিফটার

এটি মেশিনের পিছন দিকে থাকে। এর সাহায্যে প্রেসার ফুট উপরে তুললে সেলাইকৃত কাপড় মেশিন থেকে আলগা হয়ে যায় এবং সেলাই শেষে কাপড় বের করা যায়। প্রেসার ফুট লিফটারের সাহায্যে প্রেসার ফুট নিচে নামিয়ে কাপড়কে নির্দিষ্ট চাপে ধরে রাখা হয়।

২৭। টেনশন ডিস্ক

একটি সেলাই মেশিনের দুইটি টেনশন ডিস্ক থাকে, দুইটি ডিস্কের মধ্যে মেশিনের নিডেলের সুতা টানা হয়। টেনশন পোস্টের মাথায় যে টেনশন থাম্বনাট থাকে তার সাহায্যে ডিস্কের চাপ নিয়ন্ত্রণ করে। এটি মেশিনের উপরের সুতার টান নিয়ন্ত্রণের জন্য বিশেষ ভূমিকা পালন করে।

২৮। টেক আপ স্প্রিং

এটি টেনশন পোস্ট অ্যাসেমব্লির একটি শুরুত্বপূর্ণ অংশ। সুচ যখন একটি স্টিচ সম্পন্ন করে উপরে উঠে তখন নিডেল বারে কিছু ঢিলা সুতা থাকে, এ সুতাকে টেক আপ স্প্রিং টেনে আনতে সাহায্যে করে। এর মধ্যে সুতা না পড়ালে নিডেল বারে ঢিলা সুতা থাকার ফলে পরবর্তী সেলাইগুলো লুজ হবে। এটি সেলাইয়ের শুণগত মান উন্নত করে।

২৯। টেবিল টপ

এটি কাঠের তৈরি যার উপর সেলাই মেশিন বসানো থাকে।

৩৮ ড্রেস মেকিং-২

৪.৩ সেলাই মেশিনের বিভিন্ন অংশের সমন্বয়

পৃথিবীতে বহু জিনিস আছে যা একক ভাবে কোনো কাজ সম্পন্ন করতে পারে না। সেলাই মেশিন ও তেমনি একটি জিনিস যার কোনো একটি অংশ এককভাবে কোনো কাজ করতে পারে না। সেলাই মেশিনের সাথে সংযুক্ত সবগুলো অংশের সমন্বয়ে সেলাই কাজ সম্পন্ন হয়। যেমন-

- ১। স্পুল পিন, মেশিনের উপরের খাঁজ কাটা অংশ, নিডেল আই, টেনশন পোস্ট অ্যাসেমব্লি, থ্রেড টেক আপ লিভার এবং থ্রেড গাইড ইত্যাদি যন্ত্রাংশের সমস্বয়ে মেশিনের উপরের অংশে সুতা লাগানোর কাজ সম্পন্ন করা হয়। এর কোনো অংশে সুতা না লাগালে সেলাই হবে না এবং কোনো কোনো অংশে সুতা লাগালে সেলাইয়ের গুণগত মান ভালো হবে না।
- ২। ববিন, বনিন কেস, স্যাডেল এবং ববিন কেস হোন্ডার ইত্যাদি যন্ত্রাংশের সমন্বয়ে মেশিনের নিচের অংশের সুতা লাগানোর কাজ সম্পন্ন করা হয়। এর কোনো একটি অংশের সমন্বয় ছাড়া সেলাই করা যাবে না।
- ৩। মেশিন টেবিল, মেশিন স্ট্যান্ড, ট্র্যান্ডেল হুইল, পিট ম্যান রড, বেল্ট, ব্যালেন্স হুইল, স্টপ মোশন কু, এবং ভিতরের বিভিন্ন স্যাফটের সমন্বয়ে মেশিন চালনার কাজ সম্পন্ন করা হয়।
- ৪। প্রেসার ফুট এবং ফিডডগ, এই যন্ত্রাংশ দুইটির সমন্বয়ে সম্পন্ন হয় সেলাইকৃত কাপড়কে সামনে পিছনে চলাচলের এর কাজ। উপরোক্ত সকল যন্ত্রাংশের সমন্বয়ে সম্পন্ন হয় সেলাইয়ের কাজ এবং এর প্রতিটি যন্ত্রাংশের সমন্বয়ে উৎপন্ন হয় গুণগতমানের সেলাই।

8.8 সেলাই মেশিন ব্যবহারের নিয়ম

সাধারণ সেলাই মেশিন ব্যবহার করতে হলে প্রথমেই মেশিন ব্যবহারের নিয়মগুলো জানতে হয়। মেশিন ব্যবহারের পূর্বে মেশিন ব্যবহারের উপর সঠিকভাবে প্রশিক্ষণ নেওয়া, সঠিক প্রশিক্ষণের মাধ্যমে সেলাই মেশিনের সকল যন্ত্রাংশের ব্যবহারও জানা দরকার। মেশিনের আসনে সঠিকভাবে বসে প্রথমেই মেশিনের সকল অংশ ভালোভাবে পরিষ্কার করতে হবে এবং প্রয়োজনীয় সকল যন্ত্রাংশের (যা মেশিন চলার সময় ঘুরে) অল্প পরিমাণ তেল দিতে হবে। তেল দেওয়ার পরে পুনরায় ভালোভাবে মুছে পরিষ্কার করে পদ্ধতিগতভাবে সুতা লাগাতে হবে। সেলাই শুকর পূর্বে মেশিনের প্রতিটি অ্যাডজাস্টমেন্ট পরীক্ষা করার জন্য এক টুকরা কাপড় সেলাই করতে হবে। তার পর স্বাভাবিক সেলাই করতে হবে। সেলাইয়ের কাজ সম্পন্ন হলে মেশিনের প্রতিটি অংশ হালকাভাবে পরিষ্কার করে স্টপ মেশিন স্কু এর সাহায্যে মেশিন বন্ধ করে রাখতে হবে যাতে কোনো অদক্ষ লোক মেশিন চালাতে না পারে। সর্বশেষে মেশিনের প্রেসার ফুটে নিচে এক টুকরা কাপড় দিয়ে রাখতে হবে যেন প্রেসার ফুট ও ফিডডগের ঘর্ষণ না হয়। এ অবস্থায় মেশিনটি কভার দিয়ে ঢেকে রাখতে হবে যেন ভিতরে ময়লা না যায়।

সাধারণ সেলাই মেশিন ৩৯

৪.৫ সেলাই মেশিন ব্যবহারে সতর্কতা


যে কোনো ধরনের মেশিন ব্যবহার করতে কতগুলো সতর্কতা মেনে ব্যবহার করতে হয়, তেমনি সাধারণ সেলাই মেশিন ব্যবহার ক্ষেত্রে কিছু সতর্কতা মেনে চলতে হয়। যা নিম্নরপ–

- ১। প্রথমে সেলাই মেশিন চালানোর সময় মেশিনের প্রতিটি প্রয়োজনীয় অংশে ভালোভাবে তেল দিয়ে নিতে হবে।
- ২। সেলাই করার সময় নিডেলের দিকে লক্ষ রেখে সেলাই করতে হবে।
- ৩। মেশিন চালু করার সময় হাত টেবিলের উপরে রেখে সেলাই করতে হবে।
- ৪। মেশিন চালক যদি মহিলা হয় তা হলে মাথার চুল ও পরনের কাপড় শক্ত করে বেঁধে নিতে হবে।
- ৫। ববিনে সূতা প্যাঁচানোর সময় প্রেসার ফুট উপরে তুলে নিতে হবে।
- ৬। সেলাই করার পূর্বে সঠিকভাবে ববিন ও ববিন কেস সেটিং করে নিতে হবে।
- ৭। নিডেল সঠিকভাবে লাগানো আছে কীনা সেলাইয়ের পূর্বে তা পরীক্ষা করে নিতে হবে।
- ৮। প্রেসার ফুট ভালোভাবে টাইট করে লাগানো আছে কীনা তা পরীক্ষা করে নিতে হবে।
- ৯। সেলাইয়ের পূর্বে পরীক্ষা করে নিতে হবে সুতা লাগানো ঠিক আছে কীনা।
- ১০। স্টিচ লেস্থ ঠিক আছে কীনা তা পরীক্ষা করে নিতে হবে।

৪.৬ সেলাই মেশিনের নিডেল পড়ানোর নিয়ম

নিডেল লাগানোর পদ্ধতি সমন্ধে জানতে হলে তার পূর্বে নিডেল সমন্ধে একটু জানা দরকার। যে যন্ত্রাপ্তশের দারা কোনো রূপ ক্ষতি ছাড়া কাপড়কে ছিদ্র করে ফোঁড় তুলে সুতার সাহায্যে সেলাই করা হয় তাকে সূচ বলে। সেলাই মেশিনের সুচ হলো একটি অতি সূক্ষ্ম যন্ত্রাংশ যার দ্বারা কাপড়ের কোনো ক্ষতি না করে কাপড়কে ছিদ্র করে সুতাসহ ভিতরে ঢুকে যায়। সুচ যখন সর্বনিম্নে নেমে উপর দিকে উঠতে থাকে ঠিক তখনই স্যাটেলের পয়েন্ট কর্তৃক সুচের সূতা ধরে নিয়ে ববিন কেসের চতুর্দিকে ঘুরিয়ে দিয়ে লক তৈরি করে। সাধারণ সেলাই মেশিনের সুচের স্যান্ক অংশে সর্ট গ্রুভের দিকে গোলাকার না হয়ে খাঁজ হয়ে কাটা থাকে। নিচে সেলাই মেশিনের সুচের বিভিন্ন অংশের নাম সহ চিত্র দেয়া হলো—

৪০ দ্বেস মেকিং-২



সেলাই মেশিনে সুচ লাগাতে হলে নির্বাচিত সুচকে ভালোভাবে পরীক্ষা করতে হবে। সেলাই সুচকে দুইটি পরীক্ষা করা দরকার হয়। যেমন—

১। সুচ বাঁকা আছে কীনা


সমান্তরাল কোন জায়গায় সূচ কেলে বাম হাতের শাহাদাত আঙ্গুল দিয়ে গড়িয়ে নিলে বুঝে যাবে সূচ বাঁকা না সঠিক আছে। যদি বাঁকা থাকে তাহলে গড়ানোর সময় সূচ বাঁকিয়ে চলবে। যদি ঠিক থাকে তাহলে সমান্তরালভাবে চলবে।

২। সুচের টিপ ভান্ধা আছে কীনা

সুচের টিপ এতই সৃদ্ধ যে চোখ দেখে বুঝার উপায় নেই টিপ ভাঙ্গা আছে কীনা। আঙ্গুলের মাথায় আন্তে করে ঘর্ষণ দিলে বুঝা যাবে সুচের টিপ ভাঙ্গা আছে কীনা। যদি ভাঙ্গা থকে তাহলে সুচের টিপ একটু একটু আটকে যাবে।

সূচ লাগানোর সময় প্রথমে ব্যালেন্স শুইলের সাহায্যে নিডেল বারকে সর্বোচ্চ পর্যায়ে রেখে সঠিক সূচকে বাম হাতের শাহাদাত ও বৃদ্ধান্থল দ্বারা নিডেল সেট স্কু লুক্ত করে নিডেল বরাবর প্রুল্ডের ভিতর যতটুকু লাগানোর জায়গা আছে ঠিক ততটুকু লাগাতে হবে। সূচ লাগানোর সময় লক্ষ রাখতে হবে যে সূচের স্কার্ফ এবং স্কার্ফের এক পাশে খাঁজ কাটা অংশ ডান দিকে রেখে সূচ লাগিয়ে নিডেল সেট স্কু টাইট দিতে হবে।

সাধারণ সেলাই মেশিন ৪১




৪.৭ সাধারণ সেলাই মেশিনে ধারাবাহিকভাবে সূতা পড়ানো

উত্তম সেলাইয়ের জন্য সেলাই মেশিনে সঠিক ভাবে সূতা লাগানো প্রয়োজন । নিম্নে সাধারণ সেলাই মেশিনের ধারাবাহিকভাবে সূতা লাগানোর বর্ণনা দেওয়া হলো—

- ১। প্রথমে স্পুল পিনের দণ্ডে সূতার কার্টিম রাখা।
- ২। ডান হাত দিয়ে সুতার কার্টিম হতে সুতার মাধার বের করা।
- ৩। মেশিনের উপরের খাঁজ কাটা অংশে সুতা লাগাও।
- ৪। টেনশন পোস্টে সুতা লাগাও।
- ৫। থ্রেড টেক আপ স্প্রিং দিয়ে সূতা টান।
- ৬। শ্রেড টেক আপ লিভারে সূতা লাগাও।
- ৭। থ্রেড গাইডে সুতা লাগাও।
- ৮। নিডেল আই এ সুভা লাগাও।


৪২ দ্রেস মেকিং-২



৪.৮ সাধারণ সেলাই মেলিনে প্রেড উইন্ডিং ও ববিন কেস সেটিং

সাধারণ সেলাই মেশিনে নিডেলের সূতা ও ববিনের সূতার সমস্বয়ে সেলাই হয়। নিডেলের সূতা প্রেড কুন হাতে বিভিন্ন যন্ত্রাংশের ভিতর দিয়ে লাগিয়ে ছিদ্র মুখে আনা হয়। কিন্ত ববিনের সূতার জন্য আলাদা কোনো থ্রেড কুন এর প্রয়োজন হয় না। নিডেলে ব্যবহৃত প্রেড কুন হতে প্রয়োজন মোতাবেক ববিনে প্যাঁচিয়ে নিতে হয়। সাধারণ সেলাই মেশিনের ভান পাশে অবস্থিত ব্যালেল হইলের পাশে ববিনের সূতা প্যাঁচানোর একটি যত্র আছে যাকে প্রেড উইভিং অ্যাসেমরি (Thread winding assembly) বলে। এই প্রেড উইভিং অ্যাসেমরির মধ্যে একটি ছোট চাকা আছে যার নাম থ্রেড উইভিং ছইল। এই উইভিং হইলের সাথে ববিন হোন্ডার (Bobbin holder) ও হোন্ডার প্রসার আছে। হোন্ডার প্রসারে চাপ দিলে ববিন হোন্ডার ও প্রেড উইভিং হইল নিচের নেমে এসে ব্যালেল হইলের সাথে ঘষর্ণ লাগে। এই ঘর্ষণজনিত কারণে ববিনে সূতা প্যাঁচাতে হলে প্রথমে প্রেড উইভিং হোন্ডার এর মধ্যে ববিন পড়াতে হবে। পরবর্তীতে গ্রেড কুন হতে সূতা বের করে প্রেড উইভিং টেনশন পোস্ট এর মধ্য দিয়ে ঘুরিয়ে হোন্ডারের অবাস্থিত ববিনের মধ্যে কয়েকটি প্যাঁচ ঘুরয়ে সূতার মাথা আটকিয়ে দিতে হবে। এরপর মেশিন চালু অবস্থায় ববিন হোন্ডার প্রসারে চাপ দিলে ব্যালেল ছইলের সাথে ঘর্ষণ লেগে প্রেড উইভিং ছইল ও ববিন হোন্ডার ঘুরতে থাকে এবং ববিনের সূতা প্যাঁচানো হয়। সূতা প্যাঁচানো হয়ে গেলে প্রেড উইভিং অ্যাসেমরি উপরে উঠে সূতার প্যাঁচানো বন্ধ হয়ে যায়।

সাধারণ সেলাই মেশিন ৪৩



সাধারণ সেলাই মেশিনে সেলাই করার পূর্বে মেশিনের মধ্যে ববিন লাগাতে হয় এবং ববিনের সুভার শেষ হয়ে গেলে তার - খুলতে হয় । ববিন খুলে প্রয়োজন অনুযায়ী সূতা পরিয়ে পুনরায় ববিন লাগাতে হয় । প্রথমে সূতা পড়ানো ববিনটি, সূতার মাখা ২''/ ৩'' বাইরে রেখে ববিন কেসের মধ্যে পড়াতে হয় । বাইরে রাখার সূতার মাখা ববিন কেস টেনশন পাতের নিচে দিয়ে পড়িয়ে ঝুলিয়ে রাখতে হবে । এরপর ব্যালেল ভ্ইলের সাহায্যে নিডেল সর্বেচ্চি অবস্থায় রেখে হাতের শাহাদাত ও বৃদ্ধাঙ্গুলের দ্বারা ববিন কেস শিপ্রং হোল্ডার ধরে নিয়মভান্ত্রিকভাবে স্যাটেলের মধ্যে পরিয়ে ববিন কেস শিপ্রং হোল্ডার ছেড়ে দিতে হবে ।

প্রশালা


- ১। সাধারণ সেলাই মেশিন কত প্রকার কী কী?
- ২। সাধারণ সেলাই মেশিনের চিত্র অঙ্কন করে তার বিভিন্ন অংশ চিহ্নিত কর।
- ৩। সাধারণ সেলাই মেশিনের বিভিন্ন অংশের কাচ্ছ বর্ণনা কর।
- 8 । সাধারণ সেলাই মেশিনের বিভিন্ন অংশের সমন্বয় লেখ ।
- ে। সেলাই মেশিন ব্যবহারের নিয়ম বর্ণনা কর।
- ৬। সেশাই মেশিন ব্যবহারের সময় কী কী সতর্কতা মেনে চলা দরকার?
- ৭। সেলাই মেশিনের নিডেলর চিত্র অঙ্কন করে তার বিভিন্ন অংশের নাম লেখ।
- ৮। সেলাই মেশিনের নিডেল লাগানোর নিয়ম বর্ণনা কর।
- ৯। সাধারণ সেলাই মেশিনে ধারাবাহিকভাবে সূতা লাগানোর নিয়ম বর্ণনা কর।
- ১০ । সাধারণ সেলাই মেশিনে ববিন কেস -সেটিং সম্বন্ধে বর্ণনা কর ।

পঞ্চন অধ্যায় খ্রি প্রেড ওভারলক মেশিন

পোলাক প্রস্তুত কারখানায় পোলাকের তপগত মান উন্নয়নের জন্য ও পোলাক দ্রুত সেলাই করার জন্য বিভিন্ন ধরনের ওভারদক মেশিন ব্যবহার হতে দেখা যায়। বেমন- ফাইত প্রেড ওভারদক মেশিন (Five thread overlock machin) কোর প্রেড ওভারদক মেশিন (For thread overlock machin) থ্রি প্রেড ওভারদক মেশিন (Three thread overlock machin) ফ্রেল মেকিং টেইলারিং লগে খ্রি প্রেড ওভারদক মেশিন বেশি ব্যবহার হয়ে থাকে।

৫.১ প্রি প্রেড ওতারলক মেশিনের কাজ

শোশাক প্রস্তুতের জন্য কর্তন করা কাপড়ের কর্তিত অংশের আঁশ বা সূতা যাতে খুলে না যার সে জন্য প্রি শ্রেড ওভারলক মেশিন দিয়ে সেলাই করে মুরী আটকিয়ে দেওরা হর। এ মেশিনে সেলাই করতে হলে তিনটি সূতার প্রয়োজন হয়। দুইটি সূতা নিচে লুপার (Looper) এর মধ্যে লালাতে হয় যার ধারা কাপড়ের কাটা অংশের মুরী আটকানো হয়। আর একটি সূতা উপরের নিডেলের মধ্যে লালাতে হয় যার ধারা লুপারের সূতা দুইটি আটকিয়ে রাখা হয়। রঙানিমুখী পোশাক শিক্ত কারখানায় বেশির ভাগ ক্ষেত্রে এ মেশিনের ধারা কেশিং (Faching) এর এক (Edge) সেলাই করা হয়।



৫.২ ব্রি প্রেড ওভারলক মেশিনের বিভিন্ন ব্র্রাংশের নাম ও কাক্ষ

১। বেশিদ হেড (Machine head)

মেশিন হেড ও মেশিন স্টান্ত এর সমস্বরে হলো একটি পূর্ণান্ধ মেশিন। যে অংশটি হারা মেশিন হেডকে ধারণ করে রাখা হর ভাকে মেশিন স্টান্ত বলে। আর যে অংশটি মেশিন স্টান্ড – এর উপরে অবস্থান করে ভাকে মেশিন হেড বলে। মূলত এই মেশিন হেড সেলাইয়ের কাজ সম্পাদন করে। থ্রি থ্রেড ওভারলক মেশিন ৪৫

২।মেশিন পুলি (Machine pully)

এটি ওভার লক মেশিনের ডান দিকে অবস্থান করে। এর সাথে মেশিনের নিচে মটর পুলি সর্ম্পক স্থাপন করে ভি -বেল্টে মাধ্যমে মেশিন পুলির সংযুক্তি থাকায় মেশিন পুলিও ঘুরতে থাকে এবং মেশিন চলা শুরু করে।

৩। ভি বেল্ট (V- belt)

এটি মেশিন পুলি ও মটর পুলির সংযোগ স্থাপন করে। মেশিনের ট্র্যাডেল চাপ দিলে মটর পুলি ঘুরতে থাকে। এ মটর পুলির সাথে ভি -বেল্টের সাহায্যে মেশিন পুলির সংযোগ থাকায় মটর পুলি ঘুরার সাথে সাথে মেশিন পুলি ঘুরতে থাকে এবং মেশিন চলা শুরু করে।

8। টেনশন পোস্ট (Tension post)

এ যন্ত্রাংশটি নিডেল এবং লুপারের সুতার টেনশন অ্যাডজাস্ট করার জন্য ব্যবহার করতে হয়। এর দ্বারা নিডেলের এবং লুপারের উভয় দিকের সুতার টান কম বেশি করা যায়।

৫। প্রেসার ফুট (Pressure foot)

এ যন্ত্রাংশটি কাপড় সেলাই করার সময় কাপড়কে চেপে রাখার জন্য ব্যবহার করা হয়। সেলাই করার সময় কাপড় যখন সামনে এগিয়ে যায় তখন উপর থেকে কাপড়ের প্রেসার ফুটের চাপ পড়ে।

৬। নিডেল বার অ্যান্ড নিডেল (Needle bar and needle)

প্রেসার ফুটের উপরে নিডেল বার থাকে। এই নিডেল বারের নিম্ন প্রান্তে নিডেল ক্ল্যাম্পের সাহায্য নিডেল লাগানো হয়। নিডেলের মাথায় এবং লুপারে মাথায় সুতা থাকার কারণে নিডেল উঠানামা করে মেশিনের সেলাই হয়।

৭। শুপার (Looper)

এ যন্ত্রাংশটি ওভারলক মেশিনের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ। এটি মেশিনের নিচে থাকে। চেইন স্টিচ ববিন ও ববিন কেসের পরিবর্তে ব্যবহার করা হয়। ওভার লক মেশিনে নিডেল ও লুপার সুতার সমন্বয়ে সেলাই হয়ে থাকে।

৮। প্রেড প্লেট (Thread plate)

এই যন্ত্রাটি প্রেসার ফুটের নিচে থাকে। এর মাঝখানে ফিডডগ থাকে। ফিডডগের চতুর্দিকে সমতল রাখার জন্য এ যন্ত্রটি ব্যবহার করা হয়।

৯। ফিড ডগ (Feed dog)

এটি দেখতে খাঁজ কাটা দাঁতের মত। এটি প্রেসার ফুটের মাঝখানে অবস্থান করে। মেশিন চালানোর সময় এর সাহয্যে কাপড় সামনের দিকে এগিয়ে যায়। ৪৬ দ্রেস মেকিং-২

১০। নাইফ (Knife)

ওভারলক মেশিনে যখন কাপড়ের কিনার সেলাই করা হয় তখন সেলাইয়ের পূর্ব মুহুর্তে কাপড়ের কিনারা এই নাইফ দ্বারা কেটে সমান করে দেওয়া হয়। ওভারলক মেশিনে দুইটি নাইফ থাকে। একটি আপার নাইফ এবং অপরটি লোয়ার নাইফ হিসাবে ব্যবহার করা হয়।

১১। প্রেড গাইড (Thread guide)

এই যন্ত্রাংশ সকল ধরনের সেলাই মেশিনের সুতা লাগানোর কাজে ব্যবহার করা হয়। মূলত এই অংশটির দ্বারা নিডেল থ্রেডকে সোজা ও সমান্তরাল রাখা হয়।

৫.৩ খ্রি থ্রেড ওভারলক মেশিন ব্যবহারের নিয়ম

যে কোনো কাজ এবং কাজের জন্য ব্যবহৃত মেশিন ব্যবহারের কিছু ধারাবাহিক নিয়ম মেনে চলতে হয়। খ্রি-থ্রেড ওভারলক মেশিনও তাই। নিম্লে খ্রি- থ্রেড ওভারলক মেশিন ব্যবহারের নিয়ম ধারাবাহিকভাবে দেওয়া হলো–

- ১. মেশিনকে ভালোভাবে পরিষ্কার করতে হবে।
- ২. মেশিনের প্রয়োজনীয় অংশে তেল দিয়ে পুনরায় পরিষ্কার করতে হবে।
- মেশিনে ঠিকমত সুতা পরানো আছে কী না তা চেক করে নিতে হবে।
- সেলাইয়ের পূর্বে প্রেসার ফুটকে ঠিক মত সেট করে নিতে হবে।
- ৫. ফ্রন্ট কভার খোলা থাকলে তা ঠিকমত সেট করে নিতে হবে।
- ৬. মেশিনে যদি দুইটি ট্র্যাডেল থাকে তা হলে দুই পা দুই ট্র্যাডেলে রাখতে হবে।
- ৭. কোনো ক্রমেই দুই পা একই সাথে চাপ দেওয়া যাবে না।
- ৮. যদি একটি ট্র্যাডেল থাকে তাহলে এক পা দিয়ে মেশিন চালাতে হবে।
- ৯. সেলাই করার সময়ে প্রেসার ফুটের এজ (Edge) বরাবর কাপড় ধরে রাখতে হবে।
- ১০. সেলাই শেষে মেশিন ভালোভাবে পরিষ্কার করতে হবে।

উপরোক্ত নিয়ম মোতাবেক মেশিন ব্যবহার করলে মেশিনের ক্ষতি হওয়ার সম্ভাবনা কম থাকে। একই সাথে মেশিন দীর্ঘ দিন ব্যবহার করা যায় এবং সেলাই এর মান উন্নত হয়।

৫.৪ খ্রি থ্রেড ওভারলক মেশিন ব্যবহারের সতর্কতা


প্রতিটি যান্ত্রিক বস্তুই ব্যবহার করতে কিছু সতর্কতা অবলম্বন করতে হয়। সতর্কতা অবলম্বন না করে মেশিন চালানো হলে নিম্নলিখিত সমস্যাগুলো হতে পারে -

- ১. অসতর্ক অবস্থায় মেশিনে চালালে সুতা ছিঁড়ে যেতে পারে।
- ২. নিডেল ভেঙ্গে যেতে পারে।

- ৩. কাপড় কেটে যেতে পারে যা পরবর্তীতে সংশোধনযোগ্য নয়।
- 8. মেশিনে সুতা জড়িয়ে শুপার ভেঙ্গে যেতে পারে যা ব্যয়বহুল।
- প্রেসার ফুট ভেক্লে যেতে পারে যা ব্যয়বহুল ।
- ৬. পোশাকের গুণগত মান নষ্ট হতে পারে।

উপরোক্ত সমস্যা হতে সমাধান পেতে হলে নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করা উচিত-

- ১। সেশাই করার সময় কাপড় যেন বেশি ভিতরে না যায়।
- ২। মেশিনের সূতা লাগানো যেন ভুল না হয়।
- ৩। মেশিনে যেন প্রয়োজন অনুবায়ী তেল থাকে।
- ৪। মেশিন পরিষ্কার রাখতে হবে।
- ৫। মেশিনে ষেন কোনো সুতা জড়িয়ে না যায়।
- ৬। মেশিন চালককে সঠিক পদ্ধতে অবলম্বন করে মেশিন চালাতে হবে।
- ৭। আপার নাইফ ও লোয়ার নাইফের ধার যেন ঠিক থাকে।



৫.৫ খ্রি খ্রিড ওভারলক মেশিনের প্রেডিং সিকুইরেল

নিচে থ্রি - প্রেড ওভারলক মেশিনের প্রেডিং সিকুইয়েন্স ধারাবাহিকভাবে দেওয়া হলো-লোয়ার সুপার

- 🕽 । স্ক্রেম প্রেড গাইড এ সুতা লাগানো ।
- ২। টেনশন পোস্ট অ্যাসেমব্লিতে সুতা লাগানো।
- ৩। পাইপ গাইড এ সূতা লাগানো।
- 8। টি গাইডে সুতা লাগানো।

৪৮ ড্রেস মেকিং-২

- ে। প্লেট গাইডে এ সুতা লাগানো।
- ৬। লোয়ার লুপার হোল্ডার থ্রেড এ সুতা লাগানো।
- ৭। লোয়ার লুপার আই (১নং আই, ২ নং, ৩নং আই) তে সুতা লাগানো।

আপার লুপার

- 🕽 । ফ্রেম থ্রেড গাইড এ সুতা লাগানো ।
- ২। টেনশন পোস্ট অ্যাসেমব্লিতে সুতা লাগানো।
- ৩। পাইপ গাইড এ সুতা লাগানো।
- ৪। টি গাইডে সুতা লাগানো।
- ৫। প্লেট গাইডে এর সুতা লাগানো।
- ৬। আপার লুপার হোল্ডার থ্রেড এ সুতা লাগানো।
- ৭। লোয়ার লুপার আই (১নং আই, ২ নং, আই) তে সুতা লাগানো।

ওভারলক নিডেল

- 🕽 । স্ক্রেম থ্রেড গাইড এ সুতা লাগানো ।
- ২। টেনশন পোস্ট অ্যাসেমব্লিতে সুতা লাগানো।
- ৩। ফ্রেম থ্রেড গাইড আপার সাইডে সুতা লাগানো।
- 8। নিডেল বার থ্রেড গাইড এর সুতা লাগানো।
- ৫। ওভারলক নিডেল আইতে সুতা লাগানো।

প্রশ্নমালা

- ১। পোশাক শিল্প কারখানায় ব্যবহৃত বিভিন্ন ধরনের ওভারলক মেশিনের নাম লেখ।
- ২। থ্রি থ্রেড ওভারলক মেশিনের কাজ বর্ণনা কর।
- ৩। থ্রি থ্রেড ওভারলক মেশিনের বিভিন্ন যন্ত্রাংশের নাম লেখ।
- 8। খ্রি থ্রেড ওভারলক মেশিন ব্যবহারের নিয়ম বর্ণনা কর।
- ে। থ্রি থ্রেড ওভারলক মেশিন ব্যবহারের সতর্কতা বর্ণনা কর।
- ৬। থ্রি থ্রেড ওভারলক মেশিনের থ্রেডিং সিকুইয়েন্স বর্ণনা কর।

ষষ্ঠ অধ্যায় সেলাই মেশিনের রক্ষণাবেক্ষণ

৬.১ সেলাই মেশিনের রক্ষণাবেক্ষণের সংজ্ঞা

সাধারণ সেলাই মেশিন সচল ও কাজের উপযোগী করে রাখার জন্য যে ব্যবস্থা নেওয়া হয় তাকে সাধারণ সেলাই মেশিনের রক্ষণাবেক্ষণ বলে। এক খণ্ড লোহা কোনো স্থানে ফেলে রাখলে দেখা যায় যে, তার উপর ধুলোবালি জমে একটি আবরণ সৃষ্টি হয়। কিছু দিন পর আসল বস্তুটি চেনার উপায় থাকে না। পূর্বের লোহা দিয়ে যে কাজ হতো বর্তমানে তা দ্বারা কোনো কাজ হবে না। এর একমাত্র কারণ যে উক্ত বস্তুটি সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হয় নাই।

সেলাই মেলিনের যন্ত্রাংশগুলো খুব সৃক্ষ ফাঁক রেখে একটি যন্ত্রাংশের ভিতরে দিয়ে আর একটি যন্ত্রাংশ চলাচল করে। এ চলাচল যন্ত্রাংশগুলোর মধ্যে ঘর্ষণের সৃষ্টি হয়। ঘর্ষণের ফলে যন্ত্রাংশগুলো গরম হয়ে ক্রমান্বয়ে নরম হতে থাকে এবং পরবর্তীতে বাঁকা হয়ে যায়। এ ঘর্ষণ জনিত ক্ষয় থেকে রক্ষা করার জন্য মেলিন চালানোর পূর্বে মেলিন তেল ব্যবহার করতে হবে। মেলিনে তেল দেওয়া দৈনিক রক্ষাবেক্ষণের আওতায় পড়ে। সাধারণ সেলাই মেলিন দৈনিক, মাসিক ও বাৎসরিক ভাবে রক্ষণাবেক্ষণ করা আবশ্যক। উদাহরণ স্বরূপ বলা যায় যে, দৈনিক মেলিন পরিষ্কার করে তেল দিতে হবে। সাপ্তাহিক মেলিনের স্যাটেল কভার খুলে পরিষ্কার করে তেল দিতে হবে। মাসিক– মেলিনের কিছু কু প্রয়োজন অনুসারে টাইট করে দিতে হবে। বাৎসরিক মেলিনটি ভালোভাবে সার্ভিসিং করতে হবে।



৬.২ সেলাই মেশিন রক্ষণাবেক্ষণের প্রকারভেদ

সেলাই মেলিন রক্ষণাবেক্ষণের ইংরেঞ্জি হলো সুইং মেলিন মেইনটেনেন্স (Sewing machine maintenance)। এ মেইনটেনেন্স সাধারণত দুই প্রকার যেমন–

- ১। প্রিভেনটিভ মেইনটেনেন্স (Preventive Maintenance)
- ২। ব্রেকডাউন মেইনটেনেন্স (Breakdown Maintenance)

৫০ ড্রেস মেকিং-২

১। প্রিভেনটিভ মেইনটেনেন্স (Preventive Maintenance)

প্রিভেনটিভ মেইনটেনেন্স অর্থ প্রতিরোধমূলক রক্ষণাবেক্ষণ, কাজ করার পূর্বে মেশিনকে সচল এবং ভালো অবস্থায় রাখার জন্য যে মেইনটেনেন্স করা হয় তাকে প্রিভেনটিভ মেইনটেনেন্স বলা হয়। সেলাই মেশিন বিভিন্ন যন্ত্রাংশের সমন্বয়ে গঠিত। একটি যন্ত্রাংশের সাথে এমনভাবে সম্প্র্কি যুক্ত যে খুব সূক্ষ্ম ব্যবধান রেখে উঠা নামা করে। যদি একটি পার্টস কিংবা ক্রু ঠিকভাবে লাগানো বা টাইট না হয় তা হলে ঐ পার্টস ভেঙ্গে যাবে এবং তার পাশে যে সকল যন্ত্রাংশ থাকে তাও ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা থাকে। এ ছাড়া মেশিনের যন্ত্রাংশগুলো খুব সূক্ষ্ম গ্যাপ রেখে একটি যন্ত্রাংশের ভিতরে দিয়ে অন্য আরেকটি যন্ত্রাংশ চলাচল করে। এই চলাচলের ফলে যন্ত্রাংশগুলোর ঘর্ষণের সৃষ্টি হয়। এবং এই ঘর্ষণজনিত কারণে পার্টস গরম হয়ে নরম হয়ে বাকাঁ হয়ে যায়, যার ফলে বাঁকা মেশিন অকেজো হয়ে পড়ে। তাই সেলাই মেশিনকে সচল রাখার জন্য ভালো একটি সিডিউল করে সঠিকভাবে প্রিভেনটিভ মেইনটেনেন্স করা দরকার।

- ১. মেশিন ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে।
- ২. মেশিনের প্রয়োজনীয় অংশে তেল দিয়ে পুণরায় পরিষ্কার করতে হবে।
- ৩. মেশিনে সুতা লাগানো ঠিক আছে কীনা তা চেক করে নিতে হবে ।
- ৪. মেশিন চালককে মেরুদণ্ড সোজা করে নিডেল বরাবর বসতে হবে।
- ৫. বাটন ফিডার না থাকলে "জ" লিভার ক্ল্যাম্পে বাটন সেট করে নিতে হবে।
- ৬. টু-হোল ও ফোর-হোল অ্যাডজাস্ট করে নিতে হবে।
- ৭. এক পা দিয়ে একবার চাপ দিয়ে ছেড়ে দিলে প্রয়োজনীয় সেলাই হয়ে মেশিন বন্ধ হয়ে যাবে।
- ৮. কোন ক্রমেই ট্র্যাডেলে চাপ দিয়ে ধরে রাখা যাবে না।
- ৯. সেলাই শেষে মেশিন পরিষ্কার করে রাখতে হবে।

প্রশ্নমালা

- ১. বাটন হোল মেশিন কাকে বলে?
- ২. বাটন হোল মেশিনের প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ৩. বাটন স্টিচ মেশিন কাকে বলে?
- ৪. বাটন স্টিচ মেশিনের প্রয়োজনীয়তা উল্লেখ কর।
- ৫. বাটন হোল মেশিন ব্যবহারের পদ্ধতি বর্ণনা কর।
- ৬. বাটন স্টিচ মেশিন ব্যবহারের পদ্ধতি বর্ণনা কর।

পঞ্চম অধ্যায় ফ্লাট লক ও মাল্টি থ্ৰেড চেইন স্টিচ মেশিন

পোশাক শিক্সে যে যুগান্তকারী উন্নয়ন হয়েছে তার একটি উল্লেখযোগ্য উদাহরণ হলো ফ্লাট লক ও মান্টি প্রেড চেইন স্টিচ মেশিন। গোশাক শিল্প কারখানার পোশাকের গুণগত মান উন্নত করা, স্বল্প শ্রম ও স্বল্প সময়ে প্রচ্র পরিমাণ উৎপাদনের জন্য বিভিন্ন ধরনের সুইং মেশিন উদ্ধাবন হয়েছে, তার মধ্যে ফ্লাট লক ও মান্টি প্রেড চেইন স্টিচ মেশিন অন্যতম।



ফ্লাট লক ও মাল্টি প্রেড চেইন স্টিচ মেলিন

৫.১ ক্লাট লক মেশিনের প্ররোজনীয়তা ঃ

আমাদের গার্মেন্টস ফ্যাক্টরিতে প্রধানত দূই ধরনের কাজ হয়ে থাকে যথা— ওভেন ও নিট। নিট গার্মেন্ট (knit garment) ফ্যাক্টরিতে বছুল প্রচলিত যে মেশিনগুলো ব্যবহার হচ্ছে তার মধ্যে অন্যতম ফ্লাট লক মেশিন। ফ্লাট লক মেশিন ব্যতীত নিট পোশাক তৈরির কথা কল্পনাও করা যায় না। এক দিকের সূতার ছারা নিট কাপড় তৈরি করা হয় বিধায় কাপড় টান দিলে সম্প্রসারিত হয়। কাপড়ের উপর যে সেলাই করা হয় সেই সেলাই যদি সম্প্রসারিত না হয় তাহলে কাপড় টান পড়ার সাথে সাথে সেলাইগুলো সব ছিঁড়ে যাবে। সাধারণ সেলাই মেশিন এবং সিঙ্কেল নিডেল লকস্টিচ মেশিনের সেলাই সম্প্রসারণ হয় না বিধায় নিট কাপড়ের তৈরি পোশাকের সকল ক্ষেত্রে এই মেশিনের সেলাই গ্রহণযোগ্য হয় না। নিট কাপড়ের পোশাক যেমন- টি শার্ট (T.Shirt) পল শার্ট (Polo Shirt) ইত্যাদি পোশাকের স্থিভ হেম (Sleeve hem) বটম হয়েম (Bottom hem) এবং অন্যান্য সংবৃদ্ধি সেলাইয়ের উপর টপস্টিচ দেওয়ার জন্য ফ্লাটলক মেশিনের প্রয়োজনীয়ভা অপরিসীম।

৫.২ ফ্লাট লক মেশিনের ব্যবহার পদ্ধতি ঃ

নিচে ফ্লাট লক মেশিনের ব্যবহারের নিয়ম ধারাবাহিকভাবে দেওয়া হলো-

- ১. প্রথমে মেশিন ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে।
- ২. মেশিনের প্রয়োজনীয় অংশে তেল দিতে হবে।
- ৩. মেশিনের নিডেল ঠিকমত সুতা লাগানো আছে কীনা তা চেক করতে হবে।
- 8. মেশিনের লুপারে ঠিকমত সুতা লাগানো আছে কীনা তা চেক করতে হবে।
- ৫. মেশিনের ফিডারে ভালোভাবে কাপড় সেট করে নিতে হবে।
- ৬. দুই পা ট্র্যাডেলে রাখতে হবে।
- ৭. কোনো ক্রমেও দুই পা একই সাথে চাপ দেওয়া যাবে না।
- ৮. অপারেশনের সাথে সম্পর্কযুক্ত এমন অ্যাটাচমেন্ট (Attachment) ব্যবহার করতে হবে।
- ৯. বায়ারের চাহিদা অনুযায়ী সেলাই করতে হবে।
- ১০. সেলাই শেষে এক সেমি. সুতা বেশি রেখে কেটে ফেলতে হবে।
- ১১. সেলাই শেষে মেশিন ভালোভাবে পরিষ্কার করে রাখতে হবে।

৫.৩ মাল্টি থ্রেড চেইন স্টিচ মেশিনের প্রয়োজনীয়তা ঃ

এক বা একাধিক সুতার প্রুপের দ্বারা চেইন স্টিচ তৈরি করা হয়। একাধিক সুতার তৈরি চেইন স্টিচকে মাল্টি প্রেড চেইন স্টিচ বলে। মাল্টি প্রেড চেইন স্টিচ এ এক প্রুপের সুতার লুপ অন্য প্রুপের সুতার লুপের সাথে ইন্টারলুপিং ও ইন্টারল্যাচিং এর মাধ্যেমে আবদ্ধ হয়। এর এক প্রুপের সুতাকে নিডেল প্রেড এবং অন্য প্রুপের সুতাকে লুপার প্রেড বলে। মাল্টি প্রেড চেইন স্টিচ মেশিনের দ্বারা সেলাই করা কাপড়ের উপরের পৃষ্ঠ দেখতে লকস্টিচের মতই দেখায় কিছু নিচের দিকে ভাবল চেইনের মত দেখা যায়। এ শ্রেণিভুক্ত চেইন স্টিচ এর সবচেয়ে বড় সুবিধা হলো এই যে, লকস্টিচ অপেক্ষা চেইন স্টিচের শক্তি অনেক বেশি। উভয় প্রুপের সুতা, সুতার কুন থেকে সরাসরি সরবরাহ করা হয় বিধায় ববিনের সুতা শেষ হয়ে যাওয়া সংক্রান্ত কোন অসুবিধা নেই। এ মেশিন সাধারণত ওভেন গার্মেন্ট (Woven Garment) ফ্যাক্টরিতে বেশি ব্যবহার হয়ে থাকে। শার্ট এর সাইড সিম প্যান্টের (Out seam) আউট সিম (Inseam) ইনসিম ইত্যাদি ক্ষেত্রে এই মেশিন ব্যবহারের প্রয়োজনীয়তা অপরিসীম।

৫.৪ মাল্টি প্রেড চেইন স্টিচ মেশিন ব্যবহারের পদ্ধতি ঃ

নিচে মাল্টি থ্রেড চেইন স্টিচ মেশিন ব্যবহারের নিয়ম ধারাবাহিক ভাবে দেওয়া হলো-

- ১. প্রথমে মেশিন ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে।
- ২. মেশিনের প্রয়োজনীয় অংশে প্রয়োজন অনুসারে তেল দিতে হবে ।
- ৩. মেশিনের প্রয়োজনীয় অংশে ঠিকমত সুতা আছে কীনা তা চেক করতে হবে।
- 8. অপারেশনের সাথে সম্পর্কযুক্ত এমন অ্যাটাচমেন্ট (Attachment) ব্যবহার করতে হবে।

- ৫. ফোল্ডারেও ভালোভাবে কাপড় সেট করে নিতে হবে।
- ৬. দুই পা ট্র্যাডেলে রাখতে হবে।
- ৭. কোনো ক্রমেও দুই পা একই সাথে চাপ দেওয়া যাবে না।
- ৮. সেলাইয়ের সময় লক্ষ রাখতে হবে যেন কাপড় কুচকিয়ে না যায়।
- ৯. সেলাইয়ের শেষে এক সে.মি. বেশি রেখে কাপড় কেটে ফেলতে হবে।
- ১০. সেলাই শেষে মেশিন ভালোভাবে পরিষ্কার করে রাখতে হবে।

প্রশ্নমালা

- ১. ফ্রাট লক মেশিনের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ২. ফ্লাট লক মেশিন কী কাজে ব্যবহার করা হয়।
- ৩. ফ্লাট লক মেশিন ব্যবহারের পদ্ধতি বর্ণনা কর।
- 8. মাল্টি থ্রেড চেইন স্টিচ মেশিনের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৫. মাল্টি থ্রেড চেইন স্টিচ মেশিন কী কাজে ব্যবহার করা হয়।
- ৬. মাল্টি থ্রেড চেইন স্টিচ মেশিন ব্যবহারের পদ্ধতি বর্ণনা কর।

ষষ্ঠ অধ্যায় এমব্রয়ডারি মেশিন

৬.১ এমব্রয়ডারি এর সংজ্ঞাঃ

এমব্রয়ভারি-এর বাংলা প্রতিশব্দ হলো সুচিশিল্প ইংরেজিতে যাকে এমব্রয়ভারি (Embroidary) বলে। কাপড় অথবা পোশাকের উপর, সৌন্দর্য বৃদ্ধির জন্য কিংবা ক্রেতার দৃষ্টি আকর্ষণের জন্য সুচ সুতার দারা বিভিন্ন ধরনের নকশা বা ডিজাইন ফুটিয়ে তোলাকেই এমব্রয়ভারি বলে। পোশাক বা কাপড়ের উপর লতা, পাতা, গাছ পালা, ফুল এবং নানা ধরনের জীবজন্তুর ছবি অঙ্কন করে পরবর্তীতে সুচ সুতা দারা সেলাইয়ের মাধ্যমে ফুটিয়ে তোলা হয়। এমব্রয়ভারি সেলাই হাতে ও মেশিনে দুই ভাবেই করা যায়। এটি একটি চারুশিল্প।



এমব্রয়ডারি মেশিন

৬.২ এমব্রয়ভারি ও এমব্রয়ভারি মেশিনের প্রয়োজনীয়তা ঃ

পোশাক শিল্পে এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের শুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। বিশেষ করে রেডিমেইড পোশাকে এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজনীতা অনস্বীকার্য। নিচে এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজনীয়তা দেওয়া হলো—

- ১. পোশাকের সৌন্দর্য বৃদ্ধির জন্য এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।
- ২. ক্রেতার দৃষ্টি আর্কষণের জন্য এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।
- ৩. ক্রেতার চাহিদা বৃদ্ধির জন্য এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।
- 8. পোশাক উচ্চ মূল্যে বিক্রয় করার জন্য এমব্রয়ভারি ও এমব্রয়ভারি মেশিনের প্রয়োজন।

এমব্রয়ডারি মেশিন ১৬৩

৫. পোশাকের মধ্যে বিভিন্ন ধরনের নকশা ফুটিয়ে তোলার জন্য এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।

- ৬. মুনাফা বেশি পাওয়ার জন্য এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।
- ৭. প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য এমব্রয়ডারি ও এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।
- ৮. অল্প সময়ে বেশি এমব্রয়ডারি করার জন্য এমব্রয়ডারি মেশিনের প্রয়োজন।
- শ্রমিক খরচ কমানোর জন্য এমবয়ভারি মেশিনের প্রয়োজন ।

৬.৩ এমব্রয়ডারি মেশিনের সুতা পড়ানোর পদ্ধতি

যে কোনো সেলাই মেশিনের মতো এমব্রয়ডারি মেশিনেও সেলাই করার পূর্বে সূতা লাগাতে হয় এবং সেটা নির্ভুল ও ধারাবাহিক ভাবে লাগাতে হয়। নির্ভুল ভাবে সূতা না লাগালে সঠিক সেলাই পাওয়া সম্ভব নয়। নিচে এমব্রয়ডারি মেশিনে ধারাবাহিক ভাবে সূতা লাগানোর পদ্ধতি দেওয়া হলো–

- ১. প্রথমে থ্রেড স্ট্যান্ডের সুতার কুন বসানো।
- ২. থ্রেড গাইড পিন আইতে সূতা লাগানো।
- থ্রেড গাইড পিন অ্যাসেমব্লিতে সুতা লাগানো ।
- 8. পাইপ হোল এ সুতা লাগানো।
- ৫. টেনশন পোস্ট অ্যাসেমব্লিতে সূতা লাগানো।
- ৬. টেক আপ স্প্রিং এ সুতা লাগানো।
- ৭. প্লেসার বার ক্ল্যাম্প থ্রেড গাইডে সুতা লাগানো।
- ৮. ফ্রেম থ্রেড গাইডে সুতা লাগানো।
- ৯. থ্রেড টেক আপ লিভারে সুতা লাগানো।
- ১০. নিডেল থ্রেড গাইডে সুতা লাগানো।
- ১১. নিডেল বার থ্রেড গাইডে সুতা লাগানো।
- ১২. নিডেল আইতে সুতা লাগানো ।

৬.৪ এমব্রয়ভারি মেশিনের ব্যবহার পদ্ধতি ঃ

নিচে এমবয়ডারি মেশিন ব্যবহারের পদ্ধতি ধারাবাহিক ভাবে বর্ণনা করা হলো-

- ১. প্রথমে মেশিন ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে।
- ২. মেশিনের প্রয়োজনীয় অংশে তেল দিয়ে পুনরায় পরিষ্কার করতে হবে।
- ৩. মেশিনের সূতা লাগানো ঠিক আছে কীনা তা চেক করতে হবে।
- 8. সেলাইয়ের পূর্বে কাপড়ের উপর চিত্র অঙ্কন করে নিতে হবে।
- ৫. চিত্র অঙ্কিত কাপড় ফ্রেমের মধ্যে টাইট করে আটকিয়ে নিতে হবে ।
- ৬. ফ্রেমে আটকানো অঙ্কিত চিত্রের উপর দিয়ে নকশা অনুযায়ী এমব্রয়ডারি সেলাই করতে হবে।
- ৭. সেলাই শেষে মেশিন ভালোভাবে পরিষ্কার করে নিতে হবে।
- ৮. পরিশেষে মেশিন ঢেকে রাখতে হবে।

প্রশ্নমালা

- ১. এমব্রয়ভারি এর সংজ্ঞা লেখ।
- ২. এমব্রয়ভারি ও এমব্রয়ভারি মেশিনের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৩. এমব্রয়ভারি মেশিনের সুতা লাগানোর প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৪. এমব্রয়ডারি মেশিনের ব্যবহার পদ্ধতি বর্ণনা কর।

সপ্তম অধ্যায়

সেলাই মেশিনের টেনশন ও স্টিচ রেগুলেটর অ্যাডজাস্ট

সাধারণত সেলাই মেশিনের যে যন্ত্রাংশের সাহায্যে সেলাইয়ের টেনশন নিয়ন্ত্রণ করা হয় তাকে টেনশন পোস্ট বলে। আর উভয় দিকের টেনশনের সমতা রক্ষা করাকে অ্যাডজাস্ট বলে। সাধারণ সেলাই মেশিনের স্টিচ গঠন হয় নিডেল এর সুতা ও ববিনের সুতা দ্বারা এবং সাধারণ সেলাই মেশিনের স্টিচের ধরন (Stitch Type) হলো লকস্টিচ।

৭.১ সেলাই মেশিনের টেনশনের প্রয়োজনীয়তা ঃ

যেহেতু ববিন ও নিডেলের সুতার সমস্বয়ে সেলাই সম্পূর্ণ হয় তাই সেলাই মেশিনের উপরে ও নিচের সুতার টান একই রূপ না হলে সেলাইয়ের গুণগত মান উন্নত হয় না। সেলাই মেশিনের টেনশনের প্রয়োজনীয়তা নিম্নরূপ –


- ১. সুতার টান কম বেশি হয়।
- ২. লুজ স্টিচ তৈরি হয়।
- ৩. সেলাইয়ের সময় সুতা ছিঁড়ে যাওয়ার সম্ভাবনা থাকে।
- 8. সুতা জড়িয়ে যেতে পারে।
- ৫. নিডেল ভেঙ্গে যেতে পারে।
- ৬. মেশিনের অন্যান্য যন্ত্রাংশের ক্ষতি হতে পারে।
- त्राणां मीर्चञ्चाः श्री रा ।
- ৮. সেলাই খুলে যাওয়ার সম্ভাবনা থাকে।
- ৯. ক্ৰেতা অসম্ভুষ্ট হয়।
- ১০. পোশাক বাজারজাত করা যায় না।
- ১১. পোশাক প্রস্তুতকারক কোম্পানির সুনাম নষ্ট হয়।
- ১২. বিক্রয় মূল্য কমে যায়।

উপরোক্ত সমস্যার সমাধান করতে হলে এবং ক্রেতার চাহিদা অনুযায়ী পোশাক তৈরি করতে হলে সেলাইয়ের উভয় দিকের সূতার টানের সমতা রক্ষা করার জন্য টেনশন পোস্ট এর প্রয়োজন।

৭.২ সেলাই মেশিনের টেনশন অ্যাডজাস্টমেন্ট পদ্বতি ঃ

সেলাই মেশিনের ভালো মানের সেলাই উৎপন্ন করতে হলে সেলাই মেশিনের উভয় দিকের সুতার টান সামঞ্জস্যপূর্ণ হওয়া দরকার। সেলাই মেশিনের উপরদিকে যে সুতা ব্যবহার করা হয় তাকে নিডেলের সুতা বলে। আর নিচের দিকে যে সুতা ব্যবহার করা হয় তাকে ববিনের সুতা বলে। প্রথমত ববিনের সুতা এবং পরবর্তীতে নিডেলের সূতা অ্যাডজাস্ট করতে হয়।


ববিনের সূতার টান জ্যাতজাস্ট করার পদ্ধতি



ববিন কেনের উপরের দিকের একটি ফু এবং পাঁত থাকে বার যারা ববিন কেনের সূতার টান নিয়রপ করা হয়। এ ফুটি ডান দিকে মুরালে সূতার টান দুল হয়। ববিন কেনের ভিতরে সূতা পড়ানো ববিন এমনভাবে লাগাতে হয় যাতে সূতার কিছুটা অংশ বাইরের থাকে। এমতাবস্থার ফুটি এমন ভাবে টাইট দিতে হবে বাতে সূতার মাখা ধরে বাকি দিলে যেন প্রতি বাঁকুনিতে ৩-৪ সেমি. সূতা বেরিরে আসে বা ববিন কেনের টেনশন আডভাস্টমেন্টের নিভরতা দের। সঠিক পদ্ধতিতে ববিন কেনের টেনশন আডভাস্ট করে নেওরার পর কর্মনও বিদি সেলাইরের টেনশন খারাণ হর ভাহলে তথু নিভেবের সূতার টেনশন আডভাস্ট করে নেওরার পর কর্মনও বিদ সেলাইরের টেনশন খারাণ হর ভাহলে তথু নিভেবের সূতার টেনশন আডভাস্ট করে নেওরার দরকার হর।

নিডেশ এর সুভার টান জ্যাডজান্ট করার পদ্ধতি :

সূতা লাগানো ও আডজান্ট করা ববিদ কেসটি মেলিনে সেট করে নিত্রে, নিডেলের সূতা ধারাবাহিক ও সাঠিকতাবে পঞ্জিরে নিডে করে । উপরের সূতাটি বিভিন্ন বরাংলের মধ্যে দিরে নিডেলের ছিন্ন মুখে প্রবেশ করে । এর প্রতিটি বরাংলের কাল কলো নিডেলের সূতাকে সমান্তবাল ও প্ররোজন অনুপাতে সরবরাহ করা । এব একটি বরাংশের নাম হলো টেনশন পোন্ট আনেমারি (Tension post assembly) যার হারা নিডেলের সূতা টান নিয়ন্ত্রণ করা হয় । এতে সূইটি ভিন্ন থাকে এবং একটি টেনশন প্রিং ও একটি টেনশন থাম নাট থাকে বা ভান দিকে সূরালে সূতার টান টাইট হয় এবং বাম দিকে স্বালে সূতার টান বৃদ্ধ হয় । নিডেলের ছিন্ন মুখে প্রবেশ করানো সূতাটির মাধা বাম হাত দিরে ধরে, ভান হাত দিরে ব্যালেল হইল স্থিরে নিচের সূতা



উপরে নিরে এনে কাশড় সেলাই শুরু করতে হয়। সেলাই করা কাশড়ের সূতার টেনশন যদি খারাপ হয় তা-হলে টেনশন খাম নটি মুরিয়ে সেলাইয়ের টেনশন অ্যাডজান্ট করে নিতে হয়।

৭.৩ সেলাই মেশিদের স্টিচ বেডলেটর-এর প্রবোজনীয়ভা :

শ্বিত রেশ্বলেটর (Stitch regulator) হল সেলাইরের দৈর্ঘ্য নিয়ন্তক বন্ধাশে। এ বন্ধাংশের দারা কাপড়ের পুরুত্ব ও ক্রেন্ডার চাইদা অনুসারে সেলাইরের কোঁড় ছোট বড় করা হয়ে থাকে। বেহেত্ নিটচ রেগুলেটরের সাহায়ের ক্রেন্ডার চাইদা পুরুব করা যায় এবং প্রয়োজনবাথে সেলাইরের ক্রপত মান উর্ত্ত করা যায় সেহেত্ব পোশাক সেলাইরের ক্রেন্ডা প্রাথমিন সেলাইরের নিটি রেগুলেটরের প্রয়োজনীয়তা অলিরসীম। কাপড় যদি পাতলা হয় তা-হলে এই ব্যাংশের সাহায়ের সেলাইরের দৈর্ঘ্য কমিয়ে দিতে হয়। তা না হলে সেলাই কাপড় কুচকিয়ে গ্যাদারিং সৃষ্টি করে যা পোশাকের ত্রপত মান নাই করে। আবার যদি কাপড় বেশি মোটা হয় তাহলে এই ব্যাংশের সাহয়ের সেলাইরের দৈর্ঘ্য বড় করে দিতে হর বাতে সেলাইরের দানাকলো মুক্তার দানার মত দেখা যার। মোটা কাপড়ের ক্রেন্তে সাধারণত প্রতি ইঞ্চিতে ৬-৮ টি সেলাইরের প্রয়োজন হয়, মাঝামাঝি মোটা কাপড়ের ক্রেন্তে প্রতি ইঞ্চিতে ১০-১২ টি লেলাইরের প্রয়োজন হয় এবং পাতলা কাপড়ের ক্রেন্তে প্রতি ইঞ্চিতে ১২-১৪ টি সেলাইরের প্রয়োজন হয়ে থাকে।

৭.৪ স্টিচ ব্ৰেণ্ডলেটৰ আডজাস্ট পদ্ধতি ঃ

সেলাই মেলিনের নিউচ রেগুলেটর অ্যাডজান্টমেন্ট পদ্ধতি হলো প্রথমে নিউচ রেগুলেটিং ক্লু কে সর্থনিপ্প পর্যারে রাখতে হবে। যে কালড়ের পোলাক তৈরি হবে সেই কালড়ের প্রকটি টুকরা ভাজ করে সেলাই করে গুলে দেখতে হবে যে ১ ইঞ্চিতে কতটি সেলাই হরেছে। যদি মনে হয় সেলাইয়ের সংখ্যা চাহিদার ভূলনায় কম হরেছে ভাহলে রেগুলেটিং ক্লু টি একটু উলরে উঠিরে নিরে আবার সেলাই নিরে গুলে দেখতে হবে। ঠিক একই ভাবে চাহিদা অনুরায়ী সেলাইরের দৈর্ঘ্য ঠিক না হওরা পর্বত তেটা করে দেখতে হবে। এ সমর মনে রাখা উচিত যে নিউচ রেগুলেটের ক্লু টি সর্বনিপ্ল রাখলে সেলাইরের দৈর্ঘ্য বড়ু হবে। মাঝামাঝি রাখলে সেলাইরের দৈর্ঘ্য পরিমাণ মক হবে এবং বেলি উপরে রাখলে দৈর্ঘ্য বড়ু হবে ও কাপড় বিপরীতমুখী চলতে থাকবে।





প্রশালা

- ১. টেনশন পোস্ট কাকে বলে?
- ২. সাধারণ সেলাই মেশিনের স্টিচের ধরন কী?
- ৩, টেনশন পোস্ট অ্যাডজাস্টমেন্টের প্রয়োজনীয়তা বর্ণনা কর ।
- ৪. টেনশন পোস্ট অ্যাডজাস্টমেন্টের পদ্ধতি বর্ণনা কর।
- ৫. স্টিচ রেগুলেটর কাকে বলে?
- ৬. স্টিচ রেগুলেটর এর প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৭. মোটা পাতলা ও মাঝারি কাপড়ের প্রতি ইঞ্চিতে কয়টি সেলাইয়ের প্রয়োজন হয়।
- ৮. স্টিচ রেগুলেটর অ্যাডজাস্টমেন্ট পদ্ধতি বর্ণনা কর।

অষ্টম অধ্যায়

সেলাই মেশিনের ফিড মেকানিজম ও নিডল বার অ্যাডজাস্টমেন্ট

সাধারণ সেলাই করার সময় যে যন্ত্রের সাহয্যে কাপড় সামনে ও পিছনে চলাচল করে তাকে ফিড মেকানিজম বলে। সেলাইয়ের চেহারা ও গুণগত বৈশিষ্ট্য ভালো পাওয়ার জন্য এবং সেলাই করার সময় কাপড়ের গতি নিয়ন্ত্রণের জন্য ফিড মেকানিজমই কাপড়কে সামনে পিছনে চলাচল করাতে পারে না সাথে প্রেসার ফুটের সহযোগিতার দরকার হয়। সেলাই মেশিনে বিভিন্ন ধরনের ফিড মেকানিজম- এর ব্যবহার দেখা যায় যেমন- ১. দ্রুপ ফিড পদ্ধতি (Drop feed system) ২. নিডেল ফিড পদ্ধতি (Needle feed system) ৩. ডিফারেন্সিয়াল বটম পদ্ধতি (Differential bottom system) ৪. আডজাস্টেবল টপ ফিডা পদ্ধতি (Adjustable Top feed system) ৫. ইউনিশন ফিড পদ্ধতি (Unison feed system) ৬. পুলার ফিড পদ্ধতি (Puller feed system) ইত্যাদি ফিড মেকানিজম পদ্ধতির মধ্য হতে সাধারণ সেলাই মেশিনে শুধু দ্রুপ ফিড পদ্ধতি ব্যবহার হয়ে থাকে। আর যে যন্ত্র দ্বারা কাপড়কে চেপে রাখা হয় তাকে প্রেসার ফুট বলে এবং প্রেসার ফুট যে যন্ত্রের মাথায় লাগানো থাকে তাকে প্রেসার বার বলে। মূলত প্রেসার ফুট এককভাবে কাপড়কে চেপে রাখতে পারে না, যতক্ষণ প্রেসার বার প্রেসার সৃষ্টি না করে। এই প্রেসার বার সঠিকভাবে অ্যাডজাস্ট করা না হলে প্রেসার ফুট কাপড়টিকে সঠিকভাবে, সঠিক চাপে ধরে রাখতে পারে না।

৮.১ সেলাই মেশিনের ফিড মেকানিজম অ্যাডজাস্টমেন্ট এর প্রয়োজনীয়তা ঃ

সাধারণ সেলাই মেশিনের ফিড মেকানিজম অ্যাডজাস্টমেন্টের প্রয়োজনীয়তা অপরিসীম। সাধারণ সেলাই মেশিনে ফিড মেকানিজম ছাড়া সেলাই করা সম্ভব নয়। কারণ ফিড মেকানিজম না থাকলে কাপড় কখনও সামনে পিছনে যাতায়াত করতে পারে না। ফিড মেকানিজম অ্যাডজাস্ট এর প্রয়োজনীয়তা নিমুরূপ—

- ১. সেলাই করার সময় কাপড় সামনের দিকে যাওয়ার জন্য।
- ২. সেলাই করার সময় কাপড় পিছনের দিকে যাওয়ার জন্য।
- ৩. ফিড মেকানিজম অ্যাডজাস্ট না করলে সেলাই করার সময় কাপড় কুঁচকিয়ে জটলা বেঁধে যাবে।
- 8. ফিড মেকানিজম অ্যাডজাস্ট না করলে সেলাই করার সময় কাপড় জটলা বাঁধার কারণে নিডেল ভেঙ্গে যেতে পারে।
- ৫. জটলার কারণে সুতা ছিঁড়ে যেতে পারে।
- ৬. ফিড মেকানিজম অ্যাডজাস্ট না করলে কখনও সেলাই প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব নয়।
- ৭. ক্রেতাকে আকৃষ্ট করার জন্য।
- ৮. উন্নত ও টেকসই সেলাই এর জন্য ফিড মেকানিজম এ্যাডজাস্ট করার প্রয়োজন।

৮.২ সেলাই মেশিনের ফিড মেকানিজম অ্যাডজাস্টমেন্ট গদ্ধতি ঃ

কিডডগ ও প্রেসার ক্টের সাহায্যে কাগড় সামনে পিছনে চলা ফেরা করে। কাগড়ের পুরুত্ব অনুযায়ী প্রেসার কূটের প্রেসার ও কিডডগের উচ্চতা (High) অ্যাডজাস্ট করতে হয়। প্রেসার কূটের কাজ হলো কাপড়কে চেপে রাখা আর কিডডগের কাজ হলো কাপড়কে প্ররোজন অনুযায়ী এগিয়ে দিয়ে সঠিক দ্রত্বে কিডিং (Feeding) করে দেওরা। কিডডগটি দৃইটি ক্লু এর সাহায্যে কিডবারের সাথে লাগানো থাকে। এই কিডডগ নির্দিষ্ট একটি উচ্চতায় থেকে কাপড়কে সামনের দিকে অপ্রিসর করে। নিম্নলিখিত পদ্ধতিতে কিডডগ অ্যাডজাস্ট করতে হয়।

(ক) কিডডপের সাইড টু সাইড গ্যাপ অ্যাডজাস্ট ঃ

কিডডগ কিড বারের সাথে দুইটি ক্লু এর সাহায্যে এমনভাবে দাগাতে হবে যেন কিডডগ যখন নিডেদ প্রেটের রো এর ভিতর দিয়ে উঠানামা করে তখন সামনে ও পিছনে সমান গ্যাপ রেখে উঠানামা করতে কোনো ধরনের বাধা প্রাপ্ত না হয়।



কিডডদের সাইড টু সাইড গ্যাল আডজান্ট

(খ) কিডডগের উচ্চতা অ্যাডজান্ট ঃ

সাধারণ সেপাই মেশিনের ফিডডগ অ্যাডজাস্ট করার সময় প্রথমে ব্যাপেল চুইলের সাহায্যে নিডেশকে সর্বোচ্চ পর্যায়ে রাখতে হবে। পরবর্তীতে ফিডডগ এর দাঁত নিডল প্লেট সারক্ষেস হতে সাধারণত ০.৭ -০.৮ মিমি. উপরে রেখে ফিডডগ উচ্চতা সেট স্কু টাইট করে দিতে হবে।



৮.৩ সেশাই মেশিনের প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্টমেন্টের প্রয়োজনীরতা ঃ

কাপড় সেলাই করার সময় প্রেসার ও প্রেসার কৃট-এর মাধ্যমে কাপড়কে চেপে ধরে রাখে এবং ফিডডগ কাপড়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যায়। প্রেসার বার ও প্রেসার কৃট কাপড়কে চেপে না রাখলে তথু কিডডগের যারা কাপড়কে সামনের দিকে এগিয়ে নিয়ে বাবে । প্রেসার বার ও প্রেসার কৃট অ্যাডজাস্টমেন্টের প্রয়োজনীয়তা নিম্নরগ–


- ১. কাপড় সামনে ও পিছনে চলাচল করার জন্য প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্ট করা প্রয়োজন।
- ২. কাগড় সঠিক চাপে চেপে রাখার জন্য প্রেসার বার ও প্রেসার ফুট জ্যাডজাস্ট করা প্রয়োজন।
- ৩. সেলাইয়ের গুণগত মান উন্নত করার জন্য প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্ট করা প্রয়োজন।
- ৪. কাপড়ের পুরুত্ব অনুসারে প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্ট করা প্রয়োজন।
- ৫. নিভেল দিয়ে সহজে কোঁড় ভোলা এবং নিভেল সহজ্ঞতাবে কাপড়ের মধ্য দিয়ে যাতায়াতের জন্য প্রেসার
 বার ও প্রেসার ফুট অ্যাডজাস্ট করা প্রয়োজন।

৮.৪ সেলাই মেশিনের শ্রেসার বার ও শ্রেসার কূট অ্যাডজার্ন্টমেন্টের পছতি :

ভালো মানের সেলাই পেতে হলে অন্যান্য যত্ত্বাংশের মত প্রেসার বার ও প্রেসার ফুট সঠিক পদ্ধতিতে অ্যাডজাস্ট করার প্রয়োজন হয়। নিচে প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্টমেন্ট পদ্ধতি ধারাবাহিকভাবে বর্ণনা করা হলো:

- ১. প্রথমে ব্রু দ্রাইভারের সাহায্যে প্রেসার বারকে উপরে ভূলে নিতে হবে।
- সঠিক জু দ্রাইভারের সাহাব্যে প্রেসার কৃট সেট জু দুজ করে নিতে হবে।
- ৩. প্রেসার বারের সাথে প্রেসার ফুট এমনভাবে সেট করতে হবে যাতে প্রেসার ফুট ফিডছগের উপরে সমতলভাবে বসতে পারে।
- ৪. নিডেল উঠানামা করার সময় যেন কোনোর্প বাধা প্রাপ্ত না হয় সেদিকে লক্ষ রেখে প্রেসার ফুট সেট ফু
 টাইট করে নিতে হবে ।
- প. সঠিক ক্স্ ভ্রাইভারের সাহায্যে প্রেসার বার কুজ করে নিতে হবে বাতে প্রেসার বার উপরে নিচে
 উঠানামা করানো যায়।
- নিডেল স্লেট হতে প্রেসার ফুট ০.৮ ১ সেমি. উপরে রেখে প্রেসার বার সেট স্কু টাইট করে দিতে হবে ।





প্রেসার বার ও প্রেসার ফুট আডজাস্টমেউ

প্রশ্বমালা

- ১। ফিড মেকানিজম কাকে বলে?
- ২। ফিড মেকানিজম পদ্ধতি কয়টি ও কী কী?
- ৩। ফিড মেকানিজম অ্যাডজাস্টমেন্ট পদ্ধতি বর্ণনা কর।
- 8। সেলাই মেশিনের প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্টমেন্টের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৫। সেলাই মেশিনের প্রেসার বার ও প্রেসার ফুট অ্যাডজাস্টমেন্টের পদ্ধতি বর্ণনা কর।

নবম অধ্যায় পোশাকের ফিনিশিং

৯.১ পোশাক এর সংজ্ঞা ঃ

পোশাক তৈরির প্রক্রিয়ায় ফিনিশিং হলো সর্বশেষ ধাপ। ফিনিশিং প্রক্রিয়া শেষে পোশাক ব্যবহারের উপযোগী হয়ে উঠে। অর্থাৎ পোশাক তৈরির কারখানায় পোশাকের কাটিং ও সুইং শেষে আনুষঙ্গিক কিছু কাজ যেমন প্রেসিং, ফোল্ডিং এবং প্যাকিং সম্পূর্ণ করে পোশাককে ব্যবহারের উপযোগী করে তোলাকেই ফিনিশিং বলে। ফিনিশিং সেকশনে মূলত তিনটি কাজ হয়ে থাকে, পোশাকের অনাকাজ্ঞ্জিত ভাজ দুর করা হয় প্রেসিং এর মাধ্যমে, কাজ্ঞ্জিত ভাঁজ (বায়ারের চাহিদা অনুযায়ী) দেওয়া হয়। ফোল্ডিং প্রক্রিয়ায় এবং প্যাকিং বা পলি প্যাকিং করা হয় (বায়ারের চাহিদা অনুযায়ী) প্যাকিং এর সময়। উপরোক্ত তিনটি কাজ করে সেলাই কৃত পোশাককে ব্যবহারের উপযোগী করে তোলা হয়।

৯.২ পোশাক ফিনিশিং এর প্রয়োজনীয়তা ঃ

নির্দিষ্ট মাপ নিয়ে সেই অনুযায়ী কাপড় কর্তন করে সেলাই করলেই পোশাক ব্যবহারের উপযোগী হয়ে উঠে না। সেলাইকৃত পোশাক ব্যবহারের উপযোগী করে তোলার জন্য ফিনিশিং এর প্রয়োজনীয়তা নিম্নে আলোচনা করা হলো-

- ১. পোশাকের অনাকাঞ্চ্চিত ভাজ দুর করা হয়।
- ২. কাঞ্চ্চিত ভাজ (ক্রেতার চাহিদা অনুযায়ী) দেওয়া হয়।
- ৩. পোশাকের সৌন্দর্য বৃদ্ধি করা হয়।
- ৪. ক্রেতার দৃষ্টি আকর্ষণের জন্য।
- ৫. পোশাক সুন্দরভাবে সাজিয়ে রাখার জন্য।
- ৬. পোশাক পরিবহন করার সুবিধার জন্য।
- ৭. পোশাকে ধুলাবালি ও ময়লা হতে রক্ষা করার জন্য।
- ৮. পোশাকের কোয়ালিটি বৃদ্ধির জন্য।
- ৯. পোশাক বাজারজাত ও রপ্তানি করার জন্য ।
- ১০. অধিক মূল্যে পোশাক বিক্রয় এর জন্য।

ক্রেতার নিকট অধিক আকর্ষণীয় করে উপস্থাপন করার জন্য পোশাক ফিনিশিং এর প্রয়োজনীয়তা অপরিসীম।

৯.৩ পোশাক ফিনিশিং এর বিভিন্ন পদ্ধতি ঃ

পোশাক ফিনিশিং প্রক্রিয়ার বিভিন্ন পদ্ধতিসমূহ আলোচনা করা হলো যা ব্যতীত তৈরি কৃত পোশাক ব্যবহারের উপযোগী হয় না।

পোশাকের প্রেড ট্রিমিং পদ্ধতিঃ

পোশাক সেলাই এর পরে পোশাকে যে অতিরিক্ত বা বাড়তি সুতা লেগে থাকে সেই বাড়তি সুতা কেটে ফেলাকে প্রেড ট্রিমিং বলে ।

পোশাকের থ্রেড ট্রিমিং এর প্রয়োজনীয়তা নিম্নে আলোচনা কর হলো-

একমাত্র কম্পিউটারাইজড (Computerized) এবং প্রোগ্রামেবল (Programmable) মেশিনে যদি থ্রেড ট্রিমিং প্রোগ্রাম সেট করা থাকে তাহলে ঐ সকল মেশিন দ্বারা উৎপাদিত পণ্যের থ্রেড ট্রিমিং করার খুব বেশি প্রয়োজন হয় না। প্রোগ্রামেবল ও কম্পিউটারাইজড মেশিন ব্যতীত অন্য যে কোনো মেশিনে পোশাক সেলাই করার পর থ্রেড ট্রেমিং করার প্রয়োজন হয়। একটি পোশাক শিল্প কারখানায় প্রস্তুতকৃত পোশাকের থ্রেড ট্রিমিং না করলে যে সমস্যার সম্মুখীন হতে হয় সেগুলো নিম্নরূপ-

- ১. পোশাক প্রস্তুতের কাজ অসমাপ্ত থেকে যায়।
- ২. পোশাকের ফিনিশিং কাজ সম্পন্ন করা সম্ভব হয় না।
- ৩. পোশাকের ফাইনাল ইন্সপেকশন করা যায় না।
- 8. পোশাক বিক্রয়যোগ্য হয় না।
- ে পোশাকের গুণগত মান বজায় থাকে না।
- ৬. পোশাক ক্রেতার নিকট গ্রহণযোগ্য হয় না।
- ৭. পোশাক বাজারজাত করা যায় না ।

উপরোক্ত বিষয়গুলোর আলোকে এটাই প্রতীয়মান হয় যে, পোশাক শিল্পে প্রেড ট্রিমিং একটি গুরুত্বপূর্ণ এবং এর প্রয়োজনীয়তা অপরিসীম।

প্রেড ট্রিমিং- এর পদ্ধতি ঃ

পোশাক শিল্প কারখানায় প্রতিটি প্রক্রিয়ার মত এ প্রক্রিয়া কাজ করতেও পদ্ধতিগতভাবে করতে হয়। পদ্ধতিগত কাজ না করলে উৎপাদন কম হয় এবং উৎপাদন খরচ কম হয়। থ্রেড ট্রিমিং সাধারণত দুই ভাবে করা হয়ে থাকে। যেমন–

ম্যানুয়াল পদ্বতি (Manual system) ঃ পোশাক সেলাই করার পর ফিনিশিং সেকশনে যাওয়ার পূর্বে প্রতিটি পোশাকের বাড়তি সুতা কেটে ফেলতে হয়। সুতা কাটার পদ্ধতি নিচে ধারাবাহিকভাবে দেওয়া হলো-

শোশাব্দের কিনিশিং ১৭৫

প্রথমে উৎপাদিত পোশাকের জ্পের বাম পাশে বসতে হবে।

১. ভান হাতে শ্ৰেড দ্ৰিমিং সিন্ধাৰ/ কাটাৰ (Thread trimming scissor /cutter) নিতে হবে ।

- ২, বে পোশাকের প্রেড ট্রিমিং করতে হবে সেটি ডান হাত দিয়ে ধরে বাম হাতে নিতে হবে।
- ৩. বাম হাত দিয়ে বাড়তি সুভা টাইট করে ধরতে হবে ।
- ৪, ডান হাতে ধরা কাটারের সাহায্যে বাড়তি সুডা কেটে ফেলতে হবে।
- ৫. সূতা কাটার পর বাম হাতের সাহায্যে বাম পাশে রাখতে হবে।



কম্পিউটারাইজড গছাও (Computerized system) ঃ এ পদ্ধতিতে সূইং মেশিনের সাথে জ্যাটাচমেন্ট (Attachment) সেট করা থাকে। বাকে কিনিশিং জ্যাটাচমেন্ট বলে। বা সেলাই শেষে বাড়তি সূতা কেটে দেয়। এ গছাভিতে যদি মেশিনের শ্রেড ট্রিমিং মেকানিজমের জ্যাডজান্ট (Adjust) সঠিক না হয় তাহলে জনেক সময় বাড়তি সূতা থেকে বার বা পুনরার ম্যানুরাল পদ্ধতিতে কেটে ফেলতে হয়।

গোশাকের প্রেড ফ্যানিং পদ্ধতি ঃ

পোশাকে বাড়তি সূতা কটার পর তা অনেক সময় পোশাকের গায়ে লেগে থাকে, পোশাকের গায়ে লেগে থাকা বাড়তি কটা সূতা বেড়ে ফেলে দেওয়াকে প্রেড ক্যানিং বলে। প্রেড ক্যানিং পদ্ধতি সাধারণত দুই ধরনের। বেমন–





১. যানুবাদ গৰভি (Manual system) :

এ পদ্ধতি পোশাকের সূতা কটার পর দুই হাত দিরে পোশাকের উপরিভাগে ধরে এমনভাবে ঝাড়া দিতে হয় । বাতে গোশাকের সাথে জড়িয়ে থাকা সময় সূজ সূভা পড়ে যায় ।

২, নেশিন পদ্ধতিঃ

এ পদ্ধতিতে পোশাকের সাথে জড়িরে থাকা কৃত্ত সূতা ইলেকট্রিক পাথার মত যন্ত্রের সাহায্যে ঝেড়ে কেলা হয় । এ গদ্ধতিতে পোলাকের উপরিভালের অপেকে মেলিনের সাহায্যে অটিকিরে ইলেকট্রিক ক্যান সুইচ অন করে দিলে প্রচুর বাভাস উৎপন্ন হয় এবং পোশাকের কৃত্ত সূতা ঝেড়ে কেলে । এ পদ্ধতিতে কিছুটা বায়বহুল হলেও ম্যানুরাল পদ্ধতি হতে উত্তম ।

প্রেড ফ্যানিং এর প্রয়োজনীয়তা নিম্নে আলোচনা করা হলো-

প্রেড ক্যানিং পোলাক প্রন্তত প্রক্রিরার একটি অংশ এবং সুইং সেকলনের সর্বলের কাজ। প্রেড ক্যানিং-এর পরেই সমস্ত গোলাককে কিনিশিং সেকশনে কিনিশিং-এর উদ্দেশ্যে পাঠিরে সেওয়া হয়। প্রেড ক্যানিং না করলে উৎপাদিত পোলাকের নিম্নলিখিত সমস্যাভলো দেখা দিতে পারে।

- ১. পোলাকের গারে ল্ফ স্তা জড়িরে থাকলে গোলাকের সৌন্দর্য নট হর।
- পোশাক শ্রেসিং করতে সমস্যার সৃষ্টি হয়।
- ৩. পোশাক গুণগত মানের হর না ।
- ৪. পোশাকের বাহির দিক হতে সৃষ্ধ সূতা দেখা যেতে পারে।
- পোশাকের বিক্রর মৃশ্যক্রাস পেতে পারে ।
- ৬. ক্রেকা অসম্ভুট হতে পারে।

পোশাকের ফিনিশিং ১৭৭

व्यंतिर इ

পোশাক শিল্প কারখানায় তৈরি পোশাককে বাজারজাতকরণের উদ্দেশ্যে যে প্রক্রিয়ার মাধ্যমে পোশাকের মধ্যে অনাকাচ্চ্চিত ভাজ ও কুঁচকানো অবস্থাকে দুর করে মসৃণতা এনে দের এবং পোশাকের সৌন্দর্য্য বৃদ্ধি করে তাকে প্রেসিং বলে। মানুষ যেমন অন্যের দৃষ্টি আকর্ষণের জন্য নিজেকে পরিপাটি করে সাজিরে সামনে উপস্থাপন করে তেমনি পোশাকেও ক্রেভার দৃষ্টি আকর্ষণ করার জন্য বা ক্রেভার নিকট সুন্দর ও আকর্ষণীয় রূপে উপস্থাপনের জন্য পোশাক প্রেসিং করা হয়ে ধাকে একে অনেকেই আয়রনিং বলে।



প্রেসিং এর প্রয়োজনীয়তা নিম্নে আলোচনা করা হলো-

- ১. পোশাকের অনাকাঞ্চিত ভাজ দূর করার জন্য ।
- ২. পোশাকের কাজ্ফিত আকৃতি বা ভাজ দেওয়ার জন্য।
- ৩. পোশাকের মসূপতা আনয়নের জন্য।
- ৪. পোশাকের সৌন্দর্য্য বৃদ্ধির জন্য।
- ৫. অধিক মুল্যে বিক্রন্ম এর জন্য।
- সর্বোপরি ক্রেভার পোশাকের প্রতি দৃষ্টি আকর্ষণের জন্য প্রেসিং এর প্রয়োজনীয়তা অপরিসীম।

কোন্ডিং ঃ

গোশাক শিক্স কারখানায় প্রস্তুতকৃত গোশাককে ট্রিমিং, ফ্যানিং, ইন্সপেকশন ও প্রেসিং করার পর নির্দিষ্ট আয়তনে যে তাঁজের মাধ্যমে বাজারজাত করার উপযোগী করা হয় তাকে কোন্ডিং বলে। কোন্ডিং গোশাক তৈরির একটি গুরুত্বপূর্ণ অংশ। এ ফোন্ডিং ফিনিশিং সেকশনের অন্তর্ভূক। ফোন্ডিং ছাড়া গোশাক ডেলিভারি বোগ্য হয় না। ফোন্ডিং বিভিন্ন ধরনের হতে পারে। একেক পোশাক একেক ধরনের হয়ে থাকে।



১৭৮ ড্রেস মেকিং-২

পোশাক ফোন্ডিং এর উদ্দেশ্য ঃ

পোশাককে বাজারজাত করতে হলে অবশ্যই ফোল্ডিং করার প্রয়োজন রয়েছে। যেহেতু কোনো পোশাকই ফোল্ডিং না করে রপ্তানি বা ক্রেতার নিকট হস্তান্তর করা যায় না। এমনকি একটি সাধারণ দর্জি দোকানেও ফোল্ডিং ছাড়া পোশাক ডেলিভারি দেওয়া হয় না। সেহেতু পোশাক শিল্পে উৎপাদিত পোশাককে বাজারজাত ও পোশাকের সৌন্দর্য বৃদ্ধির উদ্দেশ্যে পোশাক ফোল্ডিং করা হয়। নিচে পোশাক ফোল্ডিং এর উদ্দেশ্য/ প্রয়োজনীয়তা আলোচনা করা হলো–

- পোশাকের সৌন্দর্য বৃদ্ধির উদ্দেশ্যে পোশাক ফোল্ডিং করা হয় ।
- ২. ক্রেতার দৃষ্টি আকর্ষণের জন্য পোশাক ফোল্ডিং করা হয়।
- ৩. পোশাককে সুন্দরভাবে সাজিয়ে রাখার উদ্দেশ্যে পোশাক ফোল্ডিং করা হয়।
- 8. রপ্তানিমুখী পোশাক শিল্পে বায়ারের নির্দেশ মোতাবেক ফোল্ডিং করা হয়।
- ৫. পোশাক বহন করার সুবিধার্থে পোশাক ফোল্ডিং করা হয়।
- ৬. পোশাক বাজারজাত ও রপ্তানিযোগ্য করার উদ্দেশ্যে পোশাক ফোল্ডিং করা হয়।
- ৭. পোশাক প্যাকিং ও কার্টুন করার উদ্দেশ্যে পোশাক ফোল্ডিং করা হয়।

বিভিন্ন প্রকার ফোন্ডিং-এর বর্ণনা ঃ

মানব সমাজে বহু ধরনের পোশাকের প্রচলন রয়েছে এবং সমাজের উন্নতির সাথে সাথে ক্রমশই অত্যাধুনিক পোশাকের সৃষ্টি হয়েছে যার নামকরণও রয়েছে সীমাহীন। তবে যত ধরনের পোশাকের সৃষ্টিই হোক না কেন পোশাক ফোল্ডিং কিন্তু প্রায় সবগুলোর নির্দিষ্ট কিছু সীমাবদ্ধতা রয়েছে। এখানে বহুল প্রচলিত কিছু ফোল্ডিং এর প্রকারভেদ দেওয়া হলো–

১. শার্টের ফোন্ডিং ঃ

শার্টের ফোল্ডিং সাধারণত চার প্রকার । যেমন-

(ক) স্ট্যান্ড আপ ফোল্ডিং (Stand up folding)

এ প্রকার ফোল্ডিং- এর ক্ষেত্রে কলার সাধারণত ভূমি হতে ৯০° কোণে খাড়া অবস্থায় অবস্থান করে।

(খ) সেমি স্ট্যান্ড আপ ফোন্ডিং (Semi stand up folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে কলার সাধারণত ৪৫ $^\circ$ কোণে খাড়া অবস্থায় অবস্থান করে ।

(গ) ফ্লাট ফোন্ডিং (Flat folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে কলার সাধারণত সম্পূর্ণভাবে ভূমির সাথে সমান্তরাল ভাবে অবস্থান করে।

(ঘ) হ্যাঙ্গার ফোল্ডিং (Hanger folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে কলার যে ভাবেই থাকুক না কেন মোট কথা ফোল্ডিং করা পোশাকটি যেন হ্যাঙ্গারের মধ্যে ঝুলিয়ে রাখা যায়।

২. প্যান্টের ফোন্ডিং ঃ

প্যান্টের ফোল্ডিং সাধারণত চার প্রকার। যেমন-

(ক) ফ্লাট ফোন্ডিং (Flat folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে শুধু লম্বালম্বি একটি ভাঁজ করা হয়ে থাকে।

পোশাকের ফিনিশিং ১৭৯

(খ) হাফ ফোল্ডিং (Half folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে লম্বালম্বি একটি ভাঁজ করে মাঝামাঝি অংশে আরও একটি ভাঁজ দিয়ে এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে একই স্থানে রাখা হয়।

(গ) কোয়ার্টার ফোল্ডিং (Quarter folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে বটম এর অংশ এবং কোমরের অংশ দুই দিক হতে ভাঁজ করে এনে প্যান্টের মাঝামাঝি অংশে বটম এবং কোমর স্থাপন করে আরও একটি ভাঁজ করে রাখা হয়।

(খ) হ্যাঙ্গার ফোল্ডিং (Hanger folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে প্যান্টটি যে ভাবেই ভাঁজ করা হোক না কেনো প্যান্টটি যেন হ্যাঙ্গারে ঝুলিয়ে রাখা যায়।

৩. জ্যাকেটের ফোন্ডিং ঃ

জ্যাকেটের ফোল্ডিং সাধারণত তিন প্রকার। যেমন-

(ক) ফ্লাট ফোল্ডিং (Flat folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে বলতে গেলে কোনো ভাজই করা হয় না। তথু স্লিভ (Sleeve) দুইটিকে পিছনের দিকে ভাঁজ করে রাখা হয়।

খ) হাফ ফোল্ডিং (Half folding)

এ প্রকার ফোন্ডিং এর ক্ষেত্রে শার্টের মত দুই দিকের অংশকে সমান্তরাল ও লম্বালম্বিভাবে ভাঁজ করে মাঝখানে আড়াআড়িভাবে আর একটি ভাঁজ করে রাখা হয়।

(গ) হ্যাঙ্গার ফোন্ডিং (Hanger folding)

এ প্রকার ফোল্ডিং এর ক্ষেত্রে শুধু স্লিভ (Sleeve) দুইটিকে পিছনের দিকে ভাঁজ করে পিন দিয়ে আটকিয়ে হ্যাঙ্গারে ঝুলিয়ে রাখা হয়।

পলি প্যাকিং ঃ

পোশাক ফোল্ডিং করার পর পোশাককে ধুলাবালি হতে রক্ষা করার জন্য এবং বাজারজাতের উপযোগী করার জন্য পলি ব্যাগে যে প্যাকিং করা হয় তাকে পোশাকের প্যাকিং বলে। পোশাকের পলি প্যাকিং সাধারণত দুই পদ্ধতিতে করা হয়ে থাকে। যেমন-

- ১. সিঙ্গেল পলি প্যাকিং (Single poly packing)
- ২. বিলিস্টার পলি প্যাকিং (Bilistar poly packing)



शिक्न भीन भाकिः :

এ পদ্ধতিতে পোশাক প্রেসিং ও কোন্ডিং করার পর এক একটি পোশাক এক একটি পলিতে ভিন্ন ভাবে প্যাকিং করা হয়ে থাকে। প্যাকিং করার পর পলি ব্যাগের খোলা মুখ ভাঁজ করে ক্ষচ টেপের সাহায্যে আটকিয়ে দেওরা হয় অথবা পলি ব্যাগের মুখে গাম জাতীর পদার্থ থাকে যা হারা পলি ব্যাগের খোলা মুখ বন্ধ করে দেওয়া হয়। পরবর্তীতে পলি ব্যাগের ভিতর হতে বাতাস বের করার জন্য যে কোনো স্থানে ছিদ্র করে দেওয়া হয়।

२. विनिग्छोत्र शनि शाकिर :

এ পদ্ধতিতে পোশাক প্রেসিং ও কোন্ডিং করার পর এক একটি বিশিস্টার পলি ব্যাগে তিনটি, চারটি, ছয়টি,অথবা বারোটি পোশাক প্যাকিং করা হয়ে থাকে সাধারণত ছয়টির বিশিস্টার পশি প্যাকিং বেশি হয়ে থাকে। আবার অধিকাংশ ক্ষেত্রে সিঙ্গেল পশি প্যাকিং করা পোশাক তিনটি, চারটি, ছয়টি অথবা বারোটির বিশিস্টার পশি প্যাকিং করা হয়। নিচে উদ্রিখিত প্রয়োজনে পোশাক পশি প্যাকিং করা হয়ে থাকে।

- ১. পোশাককে ধূলাবালি ও ময়লা হতে রক্ষা করার জন্য প্যাকিং করার প্রয়োজন হয়।
- ২. পোশাকের সৌন্দর্য বৃদ্ধির জন্য প্যাকিং করার প্রয়োজন হয় ।
- ৩. পোশাক প্রেসিং- এর মসৃণতা ধরে রাখার জন্য গ্যাকিং করার প্রয়োজন হয়।
- ৪. পোশাকের কোয়ালিটি ঠিক রাখার জন্য প্যাকিং করার প্রয়োজন হয়।
- ৫. পোশাককে বাজারজাতকরপের জন্য প্যাকিং করার প্রয়োজন হয় ।
- ৬. ক্রেভার নিকট অধিক আকর্ষণীয় করে উপস্থাপন করার জন্য প্যাকিং করার প্রয়োজন হয়।
- ৭. পোশাককে কার্ট্ন করার জন্য প্যাকিং করার প্রয়োজন হয়।

কার্ট্ন ঃ

রগুনিমুখী পোশাক শিল্প কারখানায় উৎপাদিত পোশাককে যে গ্যাকেটের মধ্যে গ্যাকিং করে রগুনি করা হয় তাকে কার্ট্ন বলে। পোশাক প্রেসিং, ফোল্ডিং ও পলি গ্যাকিং করার পর শিপমেন্টের উদ্দেশ্যে কার্ট্ন করা হয়। পলি প্যাকিং করা পোশাকগুলো প্রথমে ক্রেতার চাহিদা অনুযায়ী রং (Colour), সাইজ (Size), প্রদন্ত রেশিও (Ratio) মোতাবেক গুছিয়ে নিতে হবে। গরবর্তীতে গুছানো গোশাকগুলো গ্যাকিং শিস্ট অনুযায়ী কার্ট্ন করতে হবে। পোশাক কার্ট্ন করার প্রয়োজনীয়তা নিমুর্নপ

পোশাকের ফিনিশিং ১৮১

- ১. পোশাকের সৌন্দর্য রক্ষা করার জন্য কার্টুন করা প্রয়োজন।
- ২. কার্ট্রন করা পোশাকের গায়ে ময়লা বা কোনোরূপ দাগ লাগার ভয় থাকে না।
- ৩. কার্টুন করা পোশাকের মসৃণতা নষ্ট হয় না।
- 8. কার্টুন করা পোশাক সহজে হস্তান্তর করা যায়।
- ৫. কার্টুনের গায়ে সকল তথ্যাবলি লিপিবদ্ধ থাকায় পোশাকের সংখ্যা, সাইজ ও রং শনাক্ত করণ সহজ হয়।
- ৬. পোশাক রপ্তানির জন্য কার্টুনের প্রয়োজন।



প্যাকিং করা কার্টুনের গায়ে যে সকল তথ্যাবলি লিপিবদ্ধ থাকে সেগুলো নিমুরূপ-

- ১. অর্ডার নম্বর (Order No)
- ২. স্টাইল নম্বর (Style No)
- ৩. আইটেমর নাম (Name of Item)
- 8. সংখ্যা (Quantity)
- ৫. সাইজ (Size)
- ৬. রং (Colour)
- ৭. নেট প্রয়েট (Net weight)
- ৮. গ্রস ওয়েট (Gross Weight)

১৮২ দ্রেস মেকিং-২

প্রশ্নমালা

- ১. পোশাক ফিনিশিং কাকে বলে?
- ২. ফিনিশিং এর প্রয়োজনীয়তা লেখ?
- ৩. পোশাক ফিনিশিং এর বিভিন্ন পদ্ধতি বর্ণনা কর?
- 8. পোশাকের থ্রেড ট্রিমিং কাকে বলে?
- ৫. পোশাকের থ্রেড ফ্যানিং এর প্রয়োজনীয়তা লেখ।
- ৬. পলি প্যাকিং কেন করা হয়?
- ৭. পোশাক ফোল্ডিং কত প্রকার কী কী?
- ৮. শার্ট ফোল্ডিং-এর বর্ণনা কর।
- ৯. কার্টুর্ন এর গায়ে কী কী তথ্য লেখা থাকে?

দশম অধ্যায় পোশাকের মান নিয়ন্ত্রণ

১০.১ পোশাকের মান নিয়ন্ত্রণের সংজ্ঞা

সাধারণত কোয়ালিটি বলতে একটি গ্রহণযোগ্য মানকে বুঝায়। যা ক্রেতা কর্তৃক গ্রহণযোগ্য। পোশাকের গুণগত মান বা মান নিয়ন্ত্রণ বলতে বুঝায় পোশাকের প্রতি ক্রেতার চাহিদা বা ক্রেতার সম্ভুষ্টি। অর্থাৎ পোশাকের কোয়ালিটি বলতে পোশাকে কোন প্রকার দাগ, কাপড়ের ক্রুটি, সেলাইয়ের ক্রুটি, বোতাম বা বোতাম ঘরের কোন ক্রুটি, মাপের ক্রুটি, ধৌত করার ফলে রং উঠে যাবে না, সংকোচিত হবেনা, এবং সহজে ছিঁডে বা নষ্ট হবে না।

১০.২ পোশাকের মান নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা

পোশাকের গুণগত মান যেহেতু নির্ভর করে ক্রেতার চাহিদার উপর এবং ক্রেতা সম্ভুষ্ট হলেই পোশাক সঠিক মূল্যে বিক্রয় করা সম্ভব। যেহেতু পোশাকের গুণগত মানের সাথে মূল্যের নিবিড় সম্পর্ক রয়েছে, সেহেতু কারখানায় উৎপাদিত পোশাকের গুণগত মান নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা নিম্নরূপ-

- ১. ক্রেতার চাহিদা পূরণের লক্ষ্যে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- ২. ক্রেতাকে খুশি করতে হলে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- ৩. গুণগত মানের পোশাক উৎপাদনের লক্ষ্যে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- 8. AQL (Acceptable quality level) এ পৌছাতে হলে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- ৫. ফ্যাক্টরির গুণগত PQL (Plant quality level) সমন্ধে অবগত হতে হলে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- ৬. প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে হলে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- ৭. ক্রটিপূর্ণ পোশাক উৎপাদন কমাতে হলে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।
- ৮. পরিকল্পিত লভ্যাংশের হার ঠিক রাখতে হলে মান নিয়ন্ত্রণ প্রয়োজন।

১০.৩ পোশাক প্রস্তুতের প্রক্রিয়ার বিভিন্ন ধাপের ক্রটিসমূহ ঃ

পোশাকের বিভিন্ন অংশ (Components) জোড়া লাগাবার (Assembling) পূর্বেই নিরীক্ষা করাকে ইন্সপেকশন বলে। পোশাক শিল্পকারখানায় মার্কার হতে আরম্ভ করে ফিনিশিং পর্যন্ত প্রতিটি সেকশনে ত্রুটিমুক্ত থাকার জন্য ইন্সপেকশন করা হয়। প্রক্রিয়ার মধ্যে ইন্সপেকশনের মূল উদ্দেশ্য হলো পোশাক তৈরির বিভিন্ন ধাপের মধ্যে যতটা সম্ভব প্রথম দিকে ক্রুটিসমূহ চিহ্নিত করা ও ক্রুটি সংশোধনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা। নিচে পোশাক প্রস্তুত প্রক্রিয়ার বিভিন্ন ধাপের ক্রুটিসমূহ আলোচনা করা হলো।

১৮৪ ড্রেস মেকিং-২

১. মার্কার মেকিং (Marker Making) ३

সকল সাইজের সকল প্যাটার্ন মার্কার এর মধ্যে অন্তর্ভুক্ত না হওয়া।
মার্কারের মধ্যে অঙ্কিত সকল প্যাটার্নের মধ্যে কোড নম্বর না বসানো।
প্যাটার্নের দিক (Direction) কাপড়ের দিকের সাথে সমন্বয় না হওয়া।
প্যাটার্নেও গ্রেইন লাইন মেইনটেন না করা।
মার্কারের মধ্যে অঙ্কিত লাইন মোটা, পাতলা বা অস্পষ্ট হওয়া।
চেক বা স্ট্রাইপ ম্যাচিং (Matching) না হওয়া।
নচ বা ড্রিল মার্ক না হওয়া বা ছোট বড় হওয়া।

২. কাপড় বিছানো (Fabric spreading) ঃ

কাপড় বিছানোর সময় মার্কারের দৈর্ঘ্য-প্রস্থ ঠিক না হওয়া।
কাপড়ের প্লাই বেশি টাইট বা ঢিলা হওয়া।
কাপড় বায়াস (Bias) হওয়া।
ক্রুটিযুক্ত কাপড় বিছানো।
ওভার ল্যাপিং কম বা বেশি।
কাপড়ের প্লাইয়ের দিক ঠিক না হওয়া।
চেক বা স্ট্রাইপ ম্যাচিং না হওয়া।
প্লাইয়ের মধ্যে কম বেশি হওয়া।

৩. কাপড় কাটা (Fabric cutting) ঃ

প্যাটার্নের আকৃতি ও কর্তিত অংশের আকৃতি একই রকম না হওয়া।
কর্তিত অংশের প্রাপ্ত মসৃণ ও পরিচছন্ন না হওয়া।
কর্তিত অংশের প্রাপ্ত ফিউশন (Fusion) জনিত কারণে জোড়া লেগে যাওয়া।
নচ মার্ক- এর সাইজ ছোট বা বড় হওয়া।
দ্রিল মার্ক ঠিকমত ঠিক স্থানে না হওয়া।

8. কাপড়ের সেলাই করা (Fabric sewing)

নিডেল ভেঙ্গে যাওয়া (Needle broken)
সূতা ছিঁড়ে যাওয়া (Thread breakage)
স্কিপিং স্টিচ হওয়া (Skipped stitch)
লুজ স্টিচ হওয়া (Loose stitch)
সুইং পাকারিং হওয়া (Sewing pucker)
অসম সেলাই হওয়া (Uneven stitch)

পোশাকের মান নিয়ন্ত্রণ ১৮৫

৫. ফিনিশিং (Finishing)

পোশাকের কোনো স্থানে কোন দাগ লেগে যাওয়া।
পোশাকের কোনো অংশের রং-এর তারতম্য (Shading) হওয়া।
বোতাম লাগানো ঠিক না হওয়া।
অনাকাজ্ক্ষিত ভাজ হওয়া।
কাজ্ক্ষিত ভাজ না হওয়া।
পোশাকের গায় লুজ সুতা জড়িয়ে থাকা।
পোশাকের প্রেসিং ও ফোল্ডিং ঠিকমত না হওয়া।

১০.৪ পোশাকের কাঁচামালের ত্রুটি ঃ

পোশাক শিল্পের কাঁচামাল বলতে কাপড়, ইন্টারলাইনিং, সুতা ইত্যাদি বুঝায়। ক্রটিপূর্ণ কাঁচামাল দ্বারা পোশাক তৈরি করলে পোশাকের গুণগত মান নষ্ট হয়ে যায় এবং তার বিক্রয় মূল্য কমে যায় এমন কি অপূরণীয় ক্ষতিও হতে পারে। ক্রটিপূর্ণ কাঁচামাল দ্বারা পোশাক তৈরি করতে হলে কাঁচামাল ক্রয় করার পূর্বেই কাঁচামালের গুণগত মান যাচাই করে নেওয়া দরকার। তা না হলে অর্থ এবং সময় দুইই অপচয় হতে পারে। অপচয় রোধ করতে হলে ক্রটিমুক্ত কাঁচামাল দ্বারা পোশাক তৈরি করতে হবে। যে কোন দ্রব্য ক্রটিমুক্ত করাটা খুব জটিল ব্যাপার। তবে ক্রটির হার কমিয়ে রাখা তেমন জটিল নয়। পোশাক প্রস্তুতের ক্ষেত্রে বহু ধরনের কাঁচামালের দরকার হয়। এর মধ্যে কাপড় হলো মূল কাঁচামাল। নিচে কাপড়ের বিভিন্ন ধরনের ক্রটির বর্ণনা দেওয়া হলো—

১. খারাপ পাড় (Bad selvedge) ঃ

কাপড়ের পাড় যদি মোটা, পাতলা কাটা পড়েন সুতা, পড়েন সুতার লুপ ইত্যাদি থাকে। অধিক টেনশন এর কারণে টাইট হয়ে থাকে তাকে খারাপ পাড় বলে।

২. টানার সুতা ছিঁড়ে যাওয়া (Broken ends) ঃ

কাপড় বুননের সময় কোন কারণে টানার সুতা ছিঁড়ে গেলে এবং জায়গামত জোড়া দেওয়া না হলে কাপড়ের লম্বালম্বি দিকে এক ধরনের রেখার সৃষ্টি হয়।

৩. অমসৃণ কাপড় (Rough surface cloth) ঃ

কাপড় বুননের সময় টানা অথবা পড়েনের সুতার টেনশন যদি অসামঞ্জস্য থাকে তা – হলে কাপড় অমসৃণ হয়।

৪.ভাঙ্গা পড়েন (Broken pick) ঃ

কাপড় বুননের সময় মাকু চলাকালীন মাঝপথে যদি পড়েনের সুতা ছিঁড়ে যায় বা শেষ হয়ে যায় এবং সেটা যদি জোড়া না দিয়ে বুনন কাজ সম্পন্ন করা হয় তাহলে পড়নের দিকে একটি রেখা পড়ে কাপড়কে ক্রটি যুক্ত করে। ১৮৬ ড্রেস মেকিং-২

৫. নকশা ভাঙ্গা (Broken pattern) ঃ

যদি কোন কাপড়ের উপর বুননের মাধ্যমে নকশা তৈরি করা হয় এবং বুননের সময় নকশার স্থানে কোনো কারণে সুতা ছিঁড়ে গেলে, যথাস্থানে তা জোড়া না দিয়ে বুনন কার্য সম্পন্ন করলে যে ক্রটি পরিলক্ষিত হয় তাকেই নকশা ভাঙ্গা বলে।

৬. ঘন পাতলা স্থান ঃ

অসমান টানা পড়েন এবং অসম নম্বরের সুতা দ্বারা কাপড় বুনলে কাপড়ের কোথাও ঘন কোথাও পাতলা স্থান পরিলক্ষিত হয়। আবার কখনও ঘন বুননের ফলেও ক্রটি দেখা যায়।

৭. শানার দাগ ঃ

কাপড়ের লম্বালম্বি দিকে যদি কোনো দৃশ্যমান লাইন অথবা মার্কিং থাকে তা হলে তাকে শানার দাগ বলে। শানা নির্বাচন ভুল হলে অথবা শানায় কোনো দোষ থাকলে এ ধরনের ক্রেটি পরিলক্ষিত হয়।

৮. শেডিং (Shading) ঃ

রং এর গভীরতার তারতম্যকে শেডিং বলে। একই রং- এর কাপড় এক স্থান হতে বা রোলের মধ্যেও শেডিং পাওয়া যেতে পারে। মূলত রঙ্গিন কাপড়ের বেলায় শেডিং বেশি পরিলক্ষিত হয়।

৯. স্যাটেল মার্ক (Shuttle mark) ?

স্যাটেলের সাথে টানা সুতার ঘর্ষণজনিত কারণে যে দাগ হয় তাকে স্যাটেল মার্ক বলে।

১০. দাগ (Stains) ঃ

কাপড়ের মধ্যে অনেক সময় বিভিন্ন ধরনের দাগ পরিলক্ষিত হয়। যেমন-

তৈলের দাগ, লোহার দাগ ইত্যাদি। এরপ দাগ স্পিনিং-এর সময়, বুননের সময়, ফিনিশিং-এর সময়, এমনকি ভেজা কাপড় শুকানোর সময়ও হতে পারে।

১১.কাপড়ের মধ্যে ছিদ্র (Hole in the cloth) ঃ

অনেক সময় কাপড়ের মধ্যে ছোট ছোট ছিদ্র পাওয়া যায়। কাপড় হ্যান্ডলিং (Handling) অথবা রুলারের ক্রেটির কারণে এ ধরনের ক্রেটি হতে পারে।

১২.মিশ্র পড়েন (Mixed weft) ঃ

কাপড় বুননের সময় বিভিন্ন রকমের সুতা ব্যবহার করলে যে সমস্যার সৃষ্টি হয় তাকে মিশ্র পড়েন বলে।

১৩. ছাতা ধরা (Mildew) ঃ

রঙ্গিন বা ভেজা কাপড় কোনো স্যাতস্যাতে আবহাওয়ায় রেখে দিলে কিছু দিন পর তাতে ছাতা ধরে যায়। একবার ছাতা ধরে গেলে তা দুর করা সহজ হয় না। পোশাকের মান নিয়ন্ত্রণ ১৮৭

১০.৫ ইন্সপেকশনের আবশ্যকতা ও প্রয়োজনীয়তা

পোশাকের গুণগত মান নির্ভর করে ক্রেতার চাহিদার উপর এবং ক্রেতা সম্ভুষ্ট হলেই পোশাক সঠিক মূল্যে বিক্রয় করা সম্ভব। পোশাকের গুণগত মানের সাথে মূল্যের নিবিড় সম্পর্ক রয়েছে। তাই গুণগত মানের পোশাক উৎপাদনের জন্য ইন্সপেকশনের প্রয়োজনীয়তা অপরিসীম। ইন্সপেকশনের প্রয়োজনীয়তা নিমুর্নপ–

- ১. ক্রেতার চাহিদা পূরনের লক্ষ্যে ইন্সপেকশন প্রয়োজন।
- ২. ক্রেতার সম্ভৃষ্টির জন্য ইন্সপেকশন প্রয়োজন।
- ৩. গুণগত মানের পোশাক উৎপাদনের জন্য ইন্সপেকশন প্রয়োজন।
- 8. AQL এ পৌছাতে হলে ইন্সপেকশন প্রয়োজন।
- ৫. ফ্যাক্টরির গুণগত মান উন্নয়নের জন্য ইন্সপেকশন প্রয়োজন।
- ৬. প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকতে ইন্সপেকশন প্রয়োজন।
- ৭. ত্রুটিপূর্ণ পোশাক উৎপাদন কমাতে ইন্সপেকশন প্রয়োজন।
- ৮. পরিকল্পনা অনুযায়ী লভ্যাংশের হার ঠিক রাখতে ইন্সপেকশনের প্রয়োজনীয়তা অপরিসীম।

প্রশ্নমালা

- মান নিয়য়্রণের সজ্ঞা লেখ ।
- ২. পোশাকের মান নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা বর্ণনা কর।
- ৩. পোশাক প্রস্তুত প্রক্রিয়ার বিভিন্ন ধাপের ক্রটিসমূহ বর্ণনা কর।
- 8. পোশাক তৈরির কাঁচামালের ত্রুটিসমূহ বর্ণনা কর।
- ৫. পোশাক ইন্সপেকশনের আবশ্যকতা ও প্রয়োজনীয়তা বর্ণনা কর ।

একাদশ অধ্যায় ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং

১১.১ রং ও রঙের শ্রেণিবিভাগ

রং হলো যে কোনো টেক্সটাইল সামগ্রী যেমন— আঁশ, সুতা, কাপড় ও পোশাক রঙিন করার লক্ষ্যে ব্যবহৃত এমন একটি রাসায়নিক দ্রব্য যার মধ্যে রং করার ক্ষমতা বিদ্যমান থাকবে ও রং কাপড়ে লেগে থাকার ক্ষমতা থাকবে তাকেই টেক্সটাইল ডাইজ অথবা টেক্সটাইল রং বলে।

আগেকার দিনে শুধু উদ্ভিদ, প্রাণীজ ও খনিজ পদার্থের সাহায্যে রং এর কাজ সম্পাদিত হতো। বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তির ফলে অধিকাংশ রং আলকাতরা থেকে উৎপন্ন হয়ে থাকে। সমস্ত রঞ্জন পদার্থগুলোর বিবিধ গঠনপ্রণালি ও রং করার পদ্ধতি অনুসারে বিভিন্ন শ্রেণিতে ভাগ করা হয়।

যেমন-

- ১. ডাইরেক্ট রং (Direct dyes)
- ২. রিয়েক্টিভ রং (Reactive dyes)
- ৩. অ্যাজোয়িক ন্যাপথল অথবা ব্ৰেনথল অথবা ডাইজ (Azoic naphtha or brenthol dyes)
- 8. বেসিক রং (Basic dyes)
- ৫. অ্যাসিড রং (Acid dyes)
- ৬. অক্সিডেশন রং (Oxidation dyes or aniline black dyes)
- ৭. ভ্যাট রং (Vat dyes)
- ৮. ডিস পার্স রং (Dis perse dyes)
- ৯. মরড্যান্ট বং (Mordant dye)
- ১০. সালফার রং (Sulpher dyes)
- ১১. মিনারেল কার্লার (Minaeral colour)

১১.২ প্রিন্টিং ও প্রিন্টিং এর শ্রেণিবিভাগ ঃ

কাপড়ের উপরে প্রয়োজনীয় স্থানে বিভিন্ন ধরনের রং দ্বারা রঙিন নকশা অথবা বিভিন্ন ধরনের ডিজাইন প্রতিফলিত করার পদ্ধতিতে টেক্সটাইল প্রিন্টিং বলে। রং করার জন্য যেমন বিভিন্ন ধরনের রং ও রাসায়নিক দ্রব্যাদি ও মেশিনারি ব্যবহার করা হয় তেমনি প্রিন্টিং-এর বেলায়ও বিভিন্ন ধরনের রাসায়নিক দ্রব্যাদি ও প্রিন্টিং মেশিনারি ব্যবহার করা হয়। টেক্সটাইল প্রিন্টিং প্রধানত চার প্রকার যেমন-

ডাইং, প্রিন্টিং ও ফিনিশিং

- ১. হ্যান্ড ব্রক প্রিন্টিং
- ২. স্টেনশীল প্রিন্টিং
- ৩. ক্রিন প্রিন্টিং
- 8. মেশিন বা রোলার প্রিন্টিং।

টেক্সটাইল প্রিন্টিং-এর ক্ষেত্রে আধুনিক যুগে বিভিন্ন ধরনের প্রিন্টিং স্টাইল ব্যবহার হতে দেখা যায়। যেমন-

- ১. ডাইরেক্ট স্টিম স্টাইল
- ২. পিগমেন্ট প্রিন্টিং স্টাইল
- ৩. অ্যাজোয়িক স্টাইল
- ৪. ডিজচার্জ স্টাইল
- ৫. রেজিস্ট স্টাইল।

১১.৩ টেক্সটাইল ফিনিশিং

টেক্সটাইল ধাপের সর্বশেষ ধাপ হলো ফিনিশিং। এই প্রক্রিয়ার মাধ্যমে উৎপাদিত পণ্যকে পরবর্তী ধাপে ব্যবহার বা বজারজাত করণের উপযোগী করে তোলা হয়। টেক্সটাইল মিল বা কারখানা হতে যে সকল বস্ত্র সামগ্রী উৎপাদন করা হয়, সেগুলো বাজারজাত করার পূর্বে ক্রেতার চাহিদা অনুযায়ী তা সরবরাহ করতে হবে। সে জন্য গ্রে কাপড় যখন তাঁত থেকে সংগ্রহ করা হয় এবং ক্রেতার চাহিদা অনুযায়ী প্রস্তুত করার জন্য বিভিন্ন ভাবে বিভিন্ন প্রসেস করতে হয়। যেমন- স্কাওয়ারিং, ব্লিচিং, ডাইং, প্রিন্টিং, ক্যালেভারিং, ফিনিশিং ইত্যাদি। সেইজন্য ব্যাপক অর্থে এ সকল প্রক্রিয়াগুলোকে টেক্সটাইল ফিনিশিং বলা হয়।

প্রশালা

- ১. টেক্সটাইল ডাইজ এর প্রকারভেদ বর্ণনা কর।
- ২. প্রিন্টিং কাকে বলে?
- ৩. প্রিন্টিং এর প্রকারভেদ বর্ণনা কর।
- 8. টেক্সটাইল ফিনিশিং কাকে বলে?

দ্বাদশ অধ্যায়

ব্যবহারিক কাজের সময় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ

১২.১ কাজের সময় নিরাপদ পোশাক পরবে

- ১. উত্তম রূপে ফিট করে এমন পোশাক ব্যবহার করতে হবে।
- ২. বিশেষ করে হাতার প্রতি দৃষ্টি রাখতে হবে যেন চলন্ত মেশিনে কাপড় আটকিয়ে না যায়।
- ৩. দেহাবরণের সকল বোতাম আটকিয়ে রাখতে হবে।
- 8. আংটি বা হাতঘড়ি ব্যবহার করা যাবে না।
- তীক্ষ্ণধার আছে এমন কাটিং টুলস পকেটে রাখা যাবে না ।
- ৬. ঢিলা পোশাক বিপদজনক।
- ৭. কোম্পানির নির্দেশিত পোশাক (এ্যাপ্রোন) ব্যবহার করতে হবে।
- ৮. কোনরূপ অপ্রয়োজনীয় অলংকার ব্যবহার করা যাবে না।
- ৯. লম্বাচুল টাইট করে বেঁধে ক্যাপ পরতে হবে।



১২.২ মনোযোগী হয়ে কাজ করবে

- ১. যে কোন কাজ শুরু করার পূর্বে কীভাবে করা সহজ ও নিরাপদ হবে তা জেনে নিতে হবে।
- কী কাজ এবং কীভাবে করতে হবে তা না বুঝলে শিক্ষকের নিকট হতে বুঝে নিতে হবে ।
- ৩. কারখানার ভিতরে হাসি ঠাট্রা করা উচিত নয়, তাতে নিজের এবং অন্যের মনোযোগ নষ্ট হতে পারে।
- 8. মেশিন চালানোর সময় অনাবশ্যক কথা বলা পরিহার করতে হবে।
- ৫. মালামাল উঠাতে নামাতে সাবধানতা অবলম্বন করতে হবে।
- ৬. সব সময় উৎসাহ সহকারে কাজ করতে হবে।

- ৭. কাজের প্রতি শ্রদ্ধাশীল হতে হবে।
- ৮. মনোযোগ সহকারে কাজ করলে উৎপাদন বেশি ও গুণগত মান ভালো হয়।
- ৯. মনোযোগ সহকারে কাজ করলে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা কম থাকে।

১২.৩ কাজ সম্পনু করার পর যন্ত্রপাতি, সরঞ্জাম ও কাজের স্থান পরিষ্কার করা

- ১. কাজ শেষে যাবতীয় জিনিসপত্র, যন্ত্রাদি, কর্মস্থল পরিষ্কার ও ছিম ছাম করে রাখতে হবে।
- ২. প্রত্যেকটি বস্তুকে তার নির্দিষ্ট স্থানে রাখতে হবে।
- ৩. কাজের স্থানে পানি বা তেল থাকলে তা মুছে রাখতে হবে।
- ৪. টুলস বা অন্যান্য উপকরণের কাজ শেষ হলে তা সংরক্ষিত স্থানে সাজিয়ে রাখতে হবে।
- ৫. চলন্ত ও ঘূর্ণায়মান মেশিন বা অংশ বিশেষের উপর সর্বদা ঢাকনা দিয়ে রাখতে হবে।
- ৬. মেশিন বন্ধ করার সংক্ষিপ্ত উপায় অবশ্যই জানা থাকতে হবে।
- ৭. কাজের শেষে বৈদ্যুতিক সংযোগ বিছিন্ন করতে হবে।
- ৮. মেশিন ব্যবহার শেষে পরিষ্কার করতে হবে তবে সেটা চালু অবস্থায় নয় ।

১২.৪ নিরাপদ যন্ত্রপাতি ও উপকরণাদি ব্যবহার করবে

- চালু অবস্থায় মেশিনের ড্রাইভ বেল্টগুলোকে ঢেকে রাখার জন্য ব্যবহৃত গার্ডগুলোকে ভালোভাবে আটকিয়ে রাখতে হবে।
- ২. যদি মেশিনে গার্ড না থাকে তা- হলে নিরাপদ চশমা পরতে হবে ।
- ক্রটিপূর্ণ টুলস কখনও ব্যবহার করা যাবে না ।
- 8. কাজ আরম্ভ করার পূর্বে মেশিনের গার্ড যথাস্থানে আছে কীনা তা পরীক্ষা করে নিতে হবে ।
- ৫. কাটার /কাঁচির ধার ঠিকমতো আছে কীনা তা পরীক্ষা করে নিতে হবে।
- ৬. কাপড়ের সাথে চাহিদা অনুযায়ী সহউপকরণ ব্যবহার করহে হবে ।
- ৭. সঠিক পদ্ধতিতে হ্যান্ড টুলস ব্যবহার করতে হবে।

১২.৫ ব্যবহারিক কাজের সময় সতর্কতামূলক আচরণ প্রকাশ করবে

- ১. দুর্ঘটনা বা বিপদের ঝুঁকি আছে এমন কাজে হস্তক্ষেপ করা যাবে না ।
- ২. কারখানায় নিজস্ব নিয়ম- কানুন থাকে যা দেয়ালে ঝুলানো থাকে সেগুলো আয়ত্ত করা।
